THE

CHRISTIAN ALMANAC,

FOR THE YEAR

1851.

ইং ১৮৫১ সালের

খ্রীষ্টীয় পঞ্জিকা।

বঙ্গাব্দাঃ ১২৫৭—৫৮

CALCUTTA:

PRINTED AT THE BAPTIST MISSION PRESS, FOR THE CHRISTIAN TRACT SOCIETY.

1851.

INDEX OF CONTENTS.

The Hindu, Musalmán and English holidays in 1851,—and a Tide Table, showing the time of High and Low Water at Calcutta. The Population of the Globe, and comparative view of the numbers professing the different religions that prevail in the world, &c. pp. 38—69.

The Appendix to the Almanac contains:—

A short account of the ancient (or Scriptural) and modern Jewish methods of reckoning time, dates of their festivals, cycle of years, weights, coins and measures, with tables for converting them into equivalent Bengáli reckoning—Post Office Regulations, Post Stations and rates of postage in full—Terms, Session, &c., of the Supreme Court—Stamp Duties—Tables for the conversion of Sicca into Company's and Company's into Sicca Rupees,—A short account of the human body, &c.

List of Missionaries of the various Protestant Societies.—Short notices of the present state of all the Native Christian congregations in Bengál and of Missionary Schools, &c.—Resolution of the Missionary Conference relative to Native Christians expelled from, or without just cause leaving their own Communion.—Notices of the Calcutta Auxiliary Bible Society—the Calcutta Christian Tract and Book Society—and the Native Christian Temporal Aid Society, pp. 70—126.

Price—4 *annas.*

Sold at the Christian Tract and Book Depository,
8, Old Court House Street, Calcutta.

পঞ্জিকার নির্ঘণ্ট পত্র।

পঞ্জিকানুষঙ্গিকের নির্ঘণ্ট পত্র।

১৮ (১) শতাব্দীর ৩১ [illegible] বলয়গ্রাস সূর্যগ্রহণ।

১৮ (১) শতাব্দীর ২৮ জুলাই'র সম্পূর্ণ সূর্য গ্রহণ।

☞ সূর্য্যগ্রহণের চিত্র পত্র ।

এই বৎসরে ২ দুই সূর্য্যগ্রহণ হইবে, কিন্তু এতদ্দেশীয় লোক-দিগের অদৃশ্য । এই দুয়ের মধ্যে প্রথম গ্রহণ অগ্রে মোজাম্বিক চানল স্থানে দৃশ্য হইবে এবং শেষে অষ্ট্রেলিয়া দেশে দৃশ্য হইবে; কিন্তু দ্বিতীয় গ্রহণ (অর্থাৎ জুলাই মাসের ২৮ তারিখে যাহা হইবে) তাহা অগ্রে উত্তরামেরিকা দেশে এবং সর্ব্বশেষে মিসর দেশে দেখা যাইবে । এই গ্রহণদ্বয়ের বিশেষ ২ সমাচার পাঠকবর্গকে জ্ঞাত কারণ চিত্রপত্রে সাক্ষর প্রতিবিম্ব চিত্রীকৃত হইয়াছে দৃষ্টি করিলে জ্ঞাত হইবেন ইতি ।

গগণমণ্ডলের সংক্ষেপ বিবরণ।

আকাশ ঈশ্বরের গৌরব প্রকাশ করে, এবং গগণমণ্ডল তাঁহার হস্তকৃত কর্ম্ম দেখায়। ১৯ গীত। ১।

১ সূর্য্যের বিষয়।

শূন্যস্থিত তারাগণের মধ্যে সূর্য্যও এক তারা; কিন্তু সকলের অপেক্ষা নিকটবর্ত্তী হওন প্রযুক্ত তাহার আকার ও তেজ অধিক প্রকাশ পাইতেছে। পৃথিবীহইতে সূর্য্য ৪৭৫০০০০০ পৌনে পাঁচ কোটি ক্রোশ * অন্তর আছে, তাহার ব্যাস প্রায় ৪৫০০০০ সাড়ে চারি লক্ষ এবং পরিধি ১৩৫০০০০ সাড়ে তের লক্ষ ক্রোশের কিঞ্চিন্ন্যূন হইবে। সূর্য্যের আকর্ষণ শক্তিদ্বারা পৃথিবী আদি গ্রহ সকল আপন ২ গতিক্রমে শূন্য পথে নিত্য পরিভ্রমণ করিয়া তাহাকে বেষ্টন করে; তাহাতে ঐ গ্রহগণের মধ্যস্থিত হইয়া তাবৎকে আলোক ও উত্তাপ প্রদান করত সূর্য্যও

---

* স্মৃতি ও লীলাবতী ইত্যাদি শাস্ত্রীয় ক্রোশ সকলের পরস্পর অনৈক্য হওন প্রযুক্ত এতদ্দেশে ব্যবহৃত যে লৌকিক ক্রোশ (অর্থাৎ ইংরাজী দুই মাইল পরিমিত এক ক্রোশ) তদনুসারে সূর্য্যাদির স্থূল পরিমাণ মাত্র এই স্থলে লেখা যাইতেছে।

n

আপন কালকেতে ঘুরিয়া ২৪ ॥ দিবসের মধ্যে এক চক্র-গতি সম্পাদন করে।

ঈশ্বর তাহাদের মধ্যে সূর্য্যের এক তাম্বু স্থাপন করিয়াছেন; সে আপনার বাসর গৃহহইতে বহির্গত বরের ন্যায় ও পণের নিমিত্তে ধাবমান বলবান পুরুষের ন্যায় আনন্দযুক্ত হয়। সে আকাশের আদি সীমাহইতে যাত্রা করিয়া অন্তসীমা পর্য্যন্ত গমন করে; এবং তাহার উত্তাপে কোন বস্তু লুক্কায়িত থাকে না। ১৯ গীত। ৫, ৬।

২ তারাগণের বিষয়।

সূর্য্যের ন্যায় তারা সকল অতি বৃহৎ ও গোলাকার জ্যোতির্ম্ময় বস্তু, কিন্তু অত্যন্ত দূরত্ব প্রযুক্ত অগ্নিকণার মত ক্ষুদ্র দেখা যাইতেছে। তাহাদের দূরত্ব অতি প্রসিদ্ধ জ্যোতির্বেত্তারা গণনাদ্বারা নির্ণয় করিতে পারেন নাই; কিন্তু কেহ অনুমান করেন সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তি সিরিয়স্ নামক যে তারা, সে পৃথিবীহইতে ১০০০০০০০০০০০০০ দশ লক্ষ কোটি ক্রোশের ন্যূন হইবেক না। তারাগণ অগণ্য বটে, কিন্তু দূরযান ব্যতিরেকে অর্থাৎ অনাবৃত চক্ষুর্দ্বারা যে সকল তারা এক কালে দৃশ্য হয়, তাহাদের সংখ্যা ১০০০ এক সহস্রের অধিক নহে।

ঊর্দ্ধে দৃষ্টি করিয়া দেখ, এই সকলের সৃষ্টি কে করিল? তিনি সমুদয়কে গণনা করিয়া আনয়ন করেন; ও তাবতের নাম ধরিয়া আহ্বান করেন; তাহাতে তাঁহার মহাবল ও অতিশয় পরাক্রম প্রযুক্ত তাহাদের এক ও অনুপস্থিত হয় না।

যিশয়িয় ৪০। ২৬।

৩ গ্রহগণের বিষয়।

ঈশ্বর বিষয়ক যেং জ্ঞাতব্য, তাহা ঈশ্বর আপনি প্রকাশ করিয়াছেন। ফলতঃ তাঁহার অনন্ত শক্তি ও ঈশ্বরত্ব প্রভৃতি অদৃশ্য হইলেও তাঁহার কর্ম্মদ্বারা সৃষ্টিকালাবধি জ্ঞাপিত হওয়াতে সুন্দররূপে জানা যাইতেছে। রোমীয় ১। ১৯, ২০।

তারাগণের ন্যায় আকাশস্থিত গ্রহ সকল তেজস্বী হইলেও স্ব২ কৃত দীপ্তিতে দৃশ্য না হইয়া কেবল সূর্য্যের আলোকদ্বারা দীপ্তিমান হয়। তারাসমূহের দীপ্তি চঞ্চল, কিন্তু গ্রহদিগের আলোক স্থির দেখা যায়, ইহাতে তাহাদের পরিচয় অনায়াসে জানা যায়।

পৃথিবী ভিন্ন আর সপ্ত প্রধান গ্রহ ও দশ উপগ্রহ শূন্যেতে প্রকাশ পাইতেছে।

প্রধান গ্রহদের নাম ও ব্যাস ও সূর্য্যহইতে দূরত্ব ইত্যাদির নির্ণয় উক্ত ক্রোশের স্থূল পরিমাণে এই স্থলে লেখা যাইতেছে।

গ্রহদের নাম	ব্যাস	সূর্য্যহইতে দূরতা	পথের পরিমাণ।
বুধ	১৫০০	১৮০০০০০০	১১৩০০০০০০
শুক্র	৪০০০	৩৪০০০০০০	২০৫০০০০০০
পৃথিবী	৪০০০	৪৭৫০০০০০	৩০০০০০০০০
মঙ্গল	২০০০	৭২০০০০০০	৪৫২০০০০০০
বৃহস্পতি	৪৪০০০	২৪৫০০০০০০	১৫৪০০০০০০০
শনি	৩৯৫০০	৪৫০০০০০০০	২৮২০০০০০০০
হর্ষল্	১৭৫০০	৯০০০০০০০০	৫৬৫০০০০০০০
নেপ্চুন *			

* ইং ১৮৪৬ সালের মধ্যে কোন ইউরোপীয় জ্যোতির্ব্বেত্তৃগণকর্তৃক এক নূতন গ্রহ দৃষ্ট হইয়াছে, তাহার নাম নেপ্চুন রাখা গিয়াছে। সকল গ্রহ অপেক্ষা এই গ্রহ সূর্য্যহইতে দূরস্থ, কিন্তু তাহার ব্যাস পরিমাণ ইত্যাদির সবিশেষ অদ্যাপি স্থিরীকৃত হয় নাই।

উক্ত গ্রহ সকল আপন২ কীলকেতে কত ও কত কালেতে বা সূর্য্যকে বেষ্টন করে, এবং স্ব ২ পথে প্রত্যেক গ্রহ এক ঘণ্টায় কত ক্রোশ গমন করে, এই সকল বিশেষ করিয়া লিখিতেছি।

নাম	কীলকে ঘুরণকাল	সূর্য্য বেষ্টনকাল		১ ঘণ্টার গতি।
বুধ	প্রত্যেকের	২৮	মাস	৭৫০০০
শুক্র	ঘুরণ কাল	৭॥	ঐ	৩৮০০০
পৃথিবী	ন্যূনাধিক	১	বৎসর	৩২০০০
মঙ্গল	২৪ ঘণ্টা	২	ঐ	২৬০০০
বৃহস্পতি	১০ ঐ	১২	ঐ	১৪৫০০
শনি	১০॥ ঐ	৩০	ঐ	১১০০০
হর্ষল্	অনিশ্চিত	৮৪	ঐ	৭৬০০
নেপ্চ্যুন	ঐ			

বুধ শুক্র পৃথিবী ও মঙ্গল এই চারি গ্রহ আপন২ কীলকেতে ১ ঘণ্টায় ন্যূনাধিক ৫০০ ক্রোশ গমন করে; বৃহস্পতি প্রায় ৪৫০০ ক্রোশ এবং শনি প্রায় ৩৭৬২ ক্রোশ গমন করে, কিন্তু হর্ষল্ এবং নেপ্চ্যুনের ঘুরণকাল অদ্যাপি জানা যায় নাই।

শুক্র ও বৃহস্পতি অতি উজ্জ্বল, এবং উভয়েই কখন প্রভাতীয় কখন বা সায়ংকালীন তারারূপে প্রকাশিত হয়, ফলতঃ তাবৎ নক্ষত্রগণের মধ্যে ঐ গ্রহ সায়ংকালে সর্ব্বাগ্রে দৃশ্য, এবং প্রাতে সর্ব্বশেষে অদৃশ্য হয়। শুক্র আপন পথে গতি করত পৃথিবীর নিকটবর্ত্তী হইলে প্রায়

হর্ষল

শনি

বৃহস্পতি

মঙ্গল

পৃথিবী

শুক্র

বুধ

সূর্য

অদৃশ্য থাকে। তৎকালে সে পৃথিবীহইতে ১৩৫০০০০০ এক কোটি পাঁয়ত্রিশ লক্ষ ক্রোশ দূরস্থ হয়; এবং সূর্য্যের ওপারে সর্ব্বাপেক্ষা দূরে গমন করিলে ৮১৫০০০০০ আট কোটি পনেরো লক্ষ ক্রোশ অন্তরিত হইলেও সে অতি দেদীপ্যমান হয়। কিন্তু বৃহস্পতি যত নিকট আইসে, তত উজ্জ্বল ও বৃহৎ দেখা যায়। সে পৃথিবীর নিকটে উপস্থিত হইলে ১৯৭৫০০০০০ পৌনে বিংশতি কোটি ক্রোশ দূরবর্ত্তী হয়। মঙ্গল ঈষদ্রক্তবর্ণ ও শনি ধূম্রবর্ণ দেখা যায়; কিন্তু বুধ সূর্য্যের অতি নৈকট্য প্রযুক্ত এবং হর্ষল ও নেপ্চ্যুন অতি দূরত্ব প্রযুক্ত অনাবৃত চক্ষুর্দ্বারা প্রায় দৃশ্য হয় না।

মঙ্গল এবং বৃহস্পতির মধ্যস্থ শূন্যপথে দশ উপগ্রহ সূর্য্যকে প্রদক্ষিণ করে। ইহাদিগের নাম সীরিস, পা-ল্লাস, যূনো, বেস্তা, আস্ত্রীয়া, হীবী, আইরীস, ফ্লোরা, মীতিস, এই নয়; কিন্তু দশমের অত্যল্পদিন প্রকাশ পাওন প্রযুক্ত (১৮৪৯ সালের এপ্রিল মাসে প্রথমবার দৃষ্ট হইল) ইউরোপীয় জ্যোতির্ব্বেত্তৃগণ কোন নাম রাখি-য়াছেন, ইহা এই দেশেতে জানা যায় না। এই দশ উপ-গ্রহ প্রত্যেকে ৪ বা ৪।। বৎসরের মধ্যে সূর্য্যকে বেষ্টন করে; এবং দুরবীন ব্যতিরেকে কদাচ দৃশ্য নয়। ইহা-দিগের মধ্যে প্রথম লিখিত যে চারি ৪০ বা ৫০ বৎসর হইল প্রকাশ পাইয়াছে; কিন্তু শেষে লিখিত যে ছয় ইহারা গত ৫ বৎসরের মধ্যে দৃষ্ট হইয়াছে। ইহাতে পাঁচ

বৎসর মাত্রেতেই এক গ্রহ এবং ৬ উপগ্রহ আদৌ প্রকাশ পাইয়াছে। অদ্যাপি আর কত অদৃশ্য হইয়া আছে, ইহা কেহ বলিতে পারে না; হইতে পারে যে অন্য গ্রহ বা উপগ্রহ ক্রমে২ প্রকাশ পাইবে। অতি দূর শূন্যস্থিত এই সকল বস্তুর অনুসন্ধান করিতে যিনি মনুষ্যদিগকে সূক্ষ্ম বুদ্ধি প্রদান করিয়াছেন তিনি নিত্য২ ধন্য হউন।

পরমেশ্বরের আজ্ঞাতে আকাশ, ও তাঁহার মুখের শ্বাসে আকাশের নক্ষত্রাদি নির্ম্মিত হইল। তাঁহার কথা মাত্রেতে সৃষ্টি হইল, ও তাঁহার আজ্ঞা মাত্রেতে স্থিতি হয়। ৩৩ গীত। ৬, ৯।

৪ গ্রহগণের চন্দ্রাদির বিষয়।

গ্রহেরা যদ্রূপে সূর্য্যকে বেষ্টন করে, তদ্রূপে চন্দ্র সকল কোন২ গ্রহের চতুর্দ্দিগে পরিভ্রমণ করে। বিশেষতঃ পৃথিবীর এক চন্দ্র মাত্র, কিন্তু দূরবীন দ্বারা নিশ্চয় করা গিয়াছে বৃহস্পতিকে চারি চন্দ্র ও শনিকে সাত চন্দ্র এবং হর্ষলকে ছয় চন্দ্র বেষ্টন করে; ইহাদের মধ্যে কোন২ চন্দ্র পৃথিবীর সমান বৃহৎ। ঐ সকল চন্দ্র সূর্য্যের তেজেতে দীপ্তিময় হইয়া আপন২ গ্রহকে রাত্রিযোগে আলোক দেয়।

শনি গ্রহ, নিজ সপ্ত চন্দ্র ব্যতিরেকে, অতি বৃহৎ দুই উজ্জ্বল অঙ্গুরীয়কাকৃতিদ্বারা বেষ্টিত আছে। মধ্যস্থ অঙ্গুরী শনিহইতে ১৫০০০ ক্রোশ দূরে আছে, তাহার স্থূলতা ১০০০০ ক্রোশ এবং ব্যাস ৮৯৫০০ ক্রোশ। উত্তর

অঙ্গুরী মধ্যাঙ্গুরীহইতে ১৪০০ ক্রোশ দূর; তাহার স্থূলতা ৩৬০০ ক্রোশ এবং তাহার ব্যাস প্রায় ১০০০০০ এক লক্ষ ক্রোশ আছে।

মঙ্গল শুক্র বুধ ও নেপ্চ্যুন, এই চারি মহাগ্রহের এবং দশ উপগ্রেহের কোন চন্দ্র দূরবীনদ্বারা অদ্য পর্য্যন্ত দেখা যায় নাই।

হে প্রভো পরমেশ্বর, তুমি আপন মহিমা ও প্রভাবযুক্ত হস্ত আপন দাসের কাছে প্রকাশ করিতে আরম্ভ করিয়াছ; স্বর্গে কি মর্ত্ত্যে তোমার ক্রিয়ার ন্যায় ও তোমার প্রভাবের ন্যায় করিতে পারে, এমত ঈশ্বর আর কে আছে? দ্বিতীয় বিবরণ ৩। ২৪।

৫ ধূমকেতুর বিষয়।

ধূমকেতু এক প্রকার গ্রহ বিশেষ; কিন্তু গ্রহদিগের মত গোল পথে ভ্রমণ না করিয়া ডিম্বাকৃতি দীর্ঘ পথে সূর্য্যকে বেষ্টন করে। ধূমকেতু সমূহ সূর্য্যের কিরণেতে প্রজ্জ্বলিত হইয়া শিখাবিশিষ্ট নক্ষত্র রূপে দৃশ্য হয়। তাহারা চন্দ্রাপেক্ষা বৃহৎ নহে, বরং অনেক ধূমকেতু তাহাহইতে ক্ষুদ্র; তথাচ তাহাদের শিখা অতিশয় দীর্ঘাকার। বিশেষতঃ ইং ১৮১১ সালে যে কেতু দেখা গিয়াছিল, তাহার স্থূল ব্যাস ২১২ ক্রোশ মাত্র, কিন্তু তাহার চতুর্দ্দিকস্থ কিরণ ৬৩৫০০ ক্রোশ, ও তাহার শিখা ৫০০০০০০০ পাঁচ কোটি ক্রোশ পরিমিত দীর্ঘ। ঐ সালে অক্টোবর মাসের ১১ তারিখে সে পৃথিবীর নিকটে উপস্থিত হওয়াতে তাহাহইতে পাঁচ কোটি পঁয়ষট্টি লক্ষ ৫৬৫০০০০০ ক্রোশ দূর ছিল।

অদ্যাপি জ্যোতিষিকেরা প্রায় ৫০০ ধূমকেতু দেখিয়াছেন, এবং সে সকলের মধ্যে কোন২ কেতুর গতি কালাদির নির্ণয় করিয়াছেন। ইং ১৮৩৫ সালের আগষ্ট মাসাবধি অকটোবর মাস পর্য্যন্ত যে মহাকেতু সর্ব্ব দেশে সুদৃশ্য ছিল, সে ৭৫ বৎসরের মধ্যে সূর্য্যকে বেষ্টন করিয়া পৃথিবীস্থ লোক কর্ত্তৃক দৃষ্ট হইয়া থাকে। খ্রীষ্টীয় শকারম্ভের ১৩০ বৎসর পূর্ব্বাবধি অদ্য পর্য্যন্ত পরম্পরাগত কোন২ ইতিহাস গ্রন্থে উক্ত কেতুর প্রকাশ হওনের বিবরণ লিখিত আছে; কিন্তু ইং ১৬৮২ সালে ডকূটর হাল্লি সাহেব কর্ত্তৃক তাহার গতি বিধি প্রথমতঃ নিশ্চিত হয়। ঐ সাহেবের নামানুসারে সে হাল্লির কেতু নামে বিখ্যাত হইয়া আছে।

এঙ্কি নামক ক্ষুদ্র এক কেতু বৃহস্পতির পথকে উল্লঙ্ঘন না করিয়া প্রায় ৩। বৎসরের মধ্যে সূর্য্যকে একবার বেষ্টন করে। সুতরাং কেতু হউক বা গ্রহ হউক, ইহারা সূর্য্যের যত নিকটবর্ত্তী হয়, তত শীঘ্র স্ব২ কক্ষাতে পরিভ্রমণ করে; যথা বুধ অন্য গ্রহগণাপেক্ষা সূর্য্যের নিকটবর্ত্তী হওয়াতে আপন পথে ১ ঘণ্টার মধ্যে ৭৫০০০ ক্রোশ গমন করে, কিন্তু সর্ব্বাপেক্ষা দূরস্থ যে হর্ষল, সে তত কালে কেবল ৭৫০০ ক্রোশ গমন করে।

পরমেশ্বর কহেন, তোমরা দেবপূজকদের ব্যবহার শিখিও না; দেবপূজকেরা যদ্যপি আকাশের লক্ষণদ্বারা ভীত হয়, তথাপি তোমরা তাহাহইতে ভীত হইও না। যিরিমিয় ১০। ২।

৬ পৃথিবীর বিষয়।

ঈশ্বর শূন্যের মধ্যে পৃথিবীর উত্তরকেন্দ্র বিস্তীর্ণ করেন ও শূন্যের উপরে পৃথিবীকে ঝুলান। আয়ূব ২৬। ৭।

গ্রহদিগের প্রকরণের মধ্যে পৃথিবীর ব্যাসাদি কোন২ বিষয় লিখিত আছে; সম্প্রতি বিশেষ করিয়া তৎপরিমাণাদি লেখা যাইতেছে।

পৃথিবীর পূর্ব্ব পশ্চিম পরিধি ন্যূনাধিক ১২৫০০ ক্রোশ, কিন্তু উত্তর দক্ষিণ পরিধি তদপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্র। সূর্য্য হইতে পৃথিবী প্রায় ১৪০০০০০ চৌদ্দ লক্ষ গুণ ক্ষুদ্র, এবং চন্দ্রাপেক্ষা প্রায় ৫০ গুণ বৃহৎ। পৃথিবী স্বপথে গমন করত জূন মাসের ২১ তারিখে অন্য সময়াপেক্ষা সূর্য্যের দূরবর্ত্তী, এবং ডিসেম্বর মাসের ২১ তারিখে সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী হয়; ফলতঃ দক্ষিণায়ন কালাপেক্ষা উত্তরায়ণ কালে পৃথিবী ১৫০০০০০ পনেরো লক্ষ ক্রোশ সূর্য্যের নিকটস্থ হয়।

পৃথিবীর উপরিভাগ জলও স্থলদ্বারা বিভক্ত, তাহাতে ন্যূনাধিক তিন অংশ জল এক অংশ স্থল আছে; কিন্তু অন্তরে কি২ আছে তাহা বলা যায় না। কারণ পৃথিবীর অর্দ্ধ ব্যাস, অর্থাৎ উপরি ভাগ অবধি মধ্য স্থল পর্য্যন্ত ২০০০ ক্রোশ; কিন্তু ধাতু ও রত্ন ইত্যাদি বহু মূল্য দ্রব্য উদ্ধার করণের নিমিত্তে যে সকল গর্ত্ত খনন করা গিয়াছে, তাহার মধ্যে যে অতি গভীর, সেও প্রায় অর্দ্ধ ক্রোশের অধিক নহে; সুতরাং পৃথিবীর অন্তরস্থের বিষয় অদ্যাপি নিশ্চিত হয় নাই।

হিমালয় শ্রেণির মধ্যে ধবলগিরি নামে যে অতি প্রসিদ্ধ পর্ব্বত, তাহার উচ্চতা ২॥ ক্রোশের কিঞ্চিৎ অধিক মাত্র, কিন্তু তদপেক্ষা পৃথিবীস্থ অন্য কোন পর্ব্বত উচ্চ নহে।

আকাশের সৃষ্টিকর্ত্তা পরমেশ্বর, অর্থাৎ যে ঈশ্বর পৃথিবীকে সৃষ্টি করিয়া প্রস্তুত করিলেন, ও তাহার স্থাপন করিলেন, ও তাহাতে যেন বসতি হয়, এই নিমিত্তে তাহার সৃষ্টি করিলেন তিনি কহেন, কেবল আমিই পরমেশ্বর ; আমাব্যতিরেকে আর কেহ নাই। যিশ ৪৫। ১৮।

---

৭ চন্দ্রের বিষয়।

পৃথিবীহইতে চন্দ্র ১২০০০০ এক লক্ষ বিশ সহস্র ক্রোশ দূরে আছে; তাহার ব্যাস ১০০০ ও পরিধি ৩১৫০ ক্রোশ। সে স্বয়ং আলোকজনক নহে, কিন্তু সূর্য্যের কিরণদ্বারা দেদীপ্যমান হইয়া পৃথিবীতে দীপ্তি প্রদান করে। যত কালে পৃথিবী সূর্য্যকে একবার বেষ্টন করে, তত কালে চন্দ্র নিজপথে পৃথিবীকে প্রায় ১৩ বার বেষ্টন করে; তাহাতে ২৭ দিবস ৮ ঘণ্টার মধ্যে চন্দ্রের এক বেষ্টন সমাপন হয়। আর সেই সময়েতেও আপন কীলকে একবার মাত্র ঘুরে; এই হেতুক চন্দ্রের উভয় পার্শ্ব দৃশ্য না হইয়া কেবল এক দিক্ মাত্র দেখা যায়।

হে পরমেশ্বর, তোমার অঙ্গুলিদ্বারা নির্ম্মিত যে আকাশ, ও তোমার স্থাপিত যে চন্দ্র ও তারাগণ, তাহা নিরীক্ষণ করিলে বলি, মনুষ্য কে, যে তুমি তাহাকে স্মরণ কর? এবং মনুষ্যসন্তানই বা কে, যে তাহার তত্ত্বাবধারণ কর? ৮ গীত। ৩, ৪।

৮ গ্রহণের বিষয়।

চন্দ্র আপন পথে ভ্রমণ করত যখন পৃথিবী ও সূর্য্যের মধ্যগত হয়, তখন চন্দ্র কর্ত্তৃক সূর্য্য আচ্ছন্ন হওয়াতে সূর্য্যগ্রহণ হয়; তদ্রূপে পৃথিবী যখন চন্দ্র ও সূর্য্যের মধ্যস্থ হয়, তখন পৃথিবীর ছায়া চন্দ্রের উপরে পড়াতে চন্দ্রগ্রহণ হয়। ফলতঃ সূর্য্য গ্রহণ কেবল অমাবস্যাতে ও চন্দ্রগ্রহণ পূর্ণিমাতেই হইতে পারে।

পরমেশ্বর কহেন, আমি আকাশমণ্ডলকে কৃষ্ণবর্ণদ্বারা আচ্ছাদন করি; ও চট পরিধান করাই। যিশয়িয় ৫০। ৩।

চন্দ্রগ্রহণের বিশেষ নিয়ম ও চন্দ্র কলার হ্রাস বৃদ্ধির কারণ ইত্যাদি সকল পরে বিস্তারিত করিয়া লেখা যাইবে।

দেখ, ঈশ্বরের কর্ম্মের এই লেশ মাত্র হয়; তাঁহার বিষয়ে কাকলী মাত্র শুনা যায়। তবে তাঁহার পরাক্রম রূপ গর্জ্জন কে বুঝিতে পারে? আয়ুব ২৬। ১৪।

মনুষ্যদের ব্যবহৃত ৩ প্রকার গতিক্রমদ্বারা পৃথিবীর পরিধি এবং সূর্য্যাদির দূরতার তুলনা।

১ এতদ্দেশীয় যাত্রিক লোকদিগের স্বাভাবিক গতিক্রমে (অর্থাৎ এক দিবসে ৮ ক্রোশ করিয়া) যদ্যপি কোন ব্যক্তি পৃথিবীকে অবক্রপথে গমন করিয়া বেষ্টন করিতে পারিত, তবে ৪। বৎসরের মধ্যে এক বেষ্টন সমাপন করিত, এবং পৃথিবীহইতে চন্দ্র পর্য্যন্ত ঐ রূপে গমন করিলে ৪১ বৎসরেতে পহুছিত।

২ জাহাজ কিম্বা ধাবমান ঘোটক যদি প্রতি ঘণ্টায় ৫ ক্রোশ যায়, তবে তদারোহী ব্যক্তি ঐ রীতিক্রমে দিবারাত্রি অনবরত গমন করিলে ৩।। মাসে পৃথিবীকে বেষ্টন করিত, ও চন্দ্র পর্য্যন্ত ২৮ বৎসরে, এবং সূর্য্য পর্য্যন্ত ১০৮৪।। বৎসরে পঁহুছিত।

৩ বাস্পীয় শকট প্রতি দণ্ডে ৮ ক্রোশ গমন করিলে তদারূঢ় ব্যক্তিরা ২৩ দিবারাত্রিতে পৃথিবীকে বেষ্টন করিত, আর ৮। মাসে চন্দ্র পর্য্যন্ত এবং ২৭০ বৎসরের মধ্যে সূর্য্য পর্য্যন্ত পঁহুছিত।

গ্রহগণের মধ্যে নিকটবর্ত্তী যে শুক্র, সে আপন কক্ষাতে ভ্রমণ করত পৃথিবীর নিকটে উপস্থিত হইলে, বাস্পীয় শকট উক্ত গতিক্রমে তাহার কাছে ৭৭ বৎসরের মধ্যে পঁহুছিত; কিন্তু ঐ গ্রহ স্বপথের দূরতম স্থানে উপস্থিত হইলে, ৪৬৫ বৎসরের ন্যূন তথায় যাইতে পারিত না। অপর বৃহস্পতি যে স্থানে সর্ব্বাপেক্ষা পৃথিবীর নিকটবর্ত্তী হয়, সেই স্থানে ১১০০ বৎসরের মধ্যে ও উক্ত শকট পঁহুছিত না।

যে দেবগণ পৃথিবীর ও আকাশের সৃষ্টি করে নাই, তাহারা এই আকাশ মণ্ডলের নীচস্থিত পৃথিবীহইতে লুপ্ত হইবে।

যিরিমিয় ১০। ১১।

কিন্তু পরমেশ্বরই সত্য ঈশ্বর; তিনিই অমর ঈশ্বর এবং নিত্যস্থায়ী রাজা। যিরিমিয় ১০। ১০।

খ্রীষ্টীয় পঞ্জিকা।

আদিতে ঈশ্বর আকাশ মণ্ডলের ও পৃথিবীর সৃষ্টি করিলেন।

আদি পুস্তকের ১ অধ্যায়ের ১ পদ।

অপর ঈশ্বর কহিলেন, রাত্রিহইতে দিবসকে বিভিন্ন করণের নিমিত্তে, এবং দিবস ও বৎসর ও ঋতু ও চিহ্নের নিমিত্তে আকাশ মণ্ডলে জ্যোতির্গণ উৎপন্ন হউক; এবং পৃথিবীতে আলোক দিবার জন্যে আকাশ মণ্ডলে স্থিত হউক, তাহাতে সেই রূপ হইল। এই প্রকারে ঈশ্বর দিনের উপরে কর্তৃত্ব করিতে এক মহাজ্যোতি, ও রাত্রির উপরে কর্তৃত্ব করিতে তদপেক্ষা এক ক্ষুদ্র জ্যোতি, এই দুই বৃহৎ জ্যোতির এবং নক্ষত্রগণের সৃষ্টি করিলেন। আদিপুস্তক ১। ১৪—১৬।

হে ঈশ্বর, তুমি আদিতে পৃথিবীর মূল স্থাপন করিয়াছ, এবং আকাশ মণ্ডল তোমার হস্তকৃত। উভয়েই বিনষ্ট হইবে, কিন্তু তুমি নিত্য, সে সমস্ত বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে, এবং তুমি বস্ত্রের ন্যায় খুলিলে তাহার পরিবর্ত্তন হইবে; কিন্তু তুমিই নিত্য, তোমার বৎসরের ক্ষয় কদাচ হইবে না। ১০২ গীত ২৫—২৭।

বৎসরাদি বিশেষ২ কাল নিরূপণের বিষয়।

পরমেশ্বরের উল্লেখিত নিয়মানুসারে জগৎ সৃষ্টি অবধি তাবৎ দেশীয় লোকেরা সূর্য্য ও চন্দ্র ও নক্ষত্রগণদ্বারায় কালাদি গণনা করিয়া আসিতেছে; যথা সূর্য্যের প্রাত্যহিক চক্রগতিদ্বারা দিবারাত্রি সদা সর্ব্বত্র গণনা করা গি-

য়াছে। যিহূদী এবং প্রাচীন যূনানী ও রূমানী ইত্যাদি পূর্ব্বকালীন লোকেরা চন্দ্রের গতি নিরীক্ষণ করিয়া তদদ্বারায় মাস ও বৎসরাদি বিশেষ২ কাল নির্ণয় করিত; এবং আধুনিক যিহূদী ও মুসলমান প্রভৃতি কোন২ জাতীয়েরা ঐ রূপে চান্দ্রমান অদ্যপর্য্যন্তও ব্যহহার করিতেছেন। কিন্তু ইংরাজা আর হিন্দুগণ ইত্যাদি অন্যান্য সভ্য দেশস্থ লোকেরা জ্যোতির্বিদ্যা কৌশলক্রমে সূর্য্যের বার্ষিক চক্রগতি নির্ণয় করাতে, প্রায় তদদ্বারাই দিবস ও মাস ও ঋতু ও বৎসরাদি তাবৎ প্রকার কাল গণনা করিয়া থাকেন। অতএব চান্দ্রমান এবং সৌরমান এই দুই গণনাক্রমদ্বারা প্রায় সর্ব্বদেশীয় লোকেরা কাল সকল নির্ণয় করেন। অধিকন্তু নক্ষত্রগণের গতিক্রমে নির্ণীত যে নাক্ষত্র মান, তাহাও বিশেষ ২ কার্য্যোপলক্ষে জ্যোতির্ব্বেত্তৃগণ কর্তৃক ব্যবহৃত হয়।

সপ্তাহের উৎপত্যাদির বিষয়।

এতদ্রূপে ঈশ্বরোক্ত আজ্ঞাক্রমে আদিকালাবধি অদ্য পর্য্যন্ত ঐ আকাশস্থিত জ্যোতিঃ সকলের গতিদ্বারা অহোরাত্র ও মাস এবং বৎসর গণনা করা যাইতেছে। সেই রূপেও কেবল তাঁহারি আদেশানুযায়ী প্রায় তাবৎ দেশীয়েরা সাত২ দিবারাত্র কিম্বা সাত২ রাত্রিদিন পরিমাণদ্বারা প্রত্যেক মাস বিভক্ত করিয়া আসিতেছে। ইহার কারণ ধর্ম্মগ্রন্থ ব্যতীত কুত্রাপি পাওয়া যায় না, ফলতঃ আদিপুস্তকের ২ অধ্যায়ের ১ ও ৩ পদে লেখা আছে, যথা।

"ঈশ্বর ছয় দিনের মধ্যে আকাশ ও পৃথিবী এবং তদুভয়স্থ সমস্ত বস্তুর সৃষ্টি সাঙ্গ করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন। এবং ঐ দিন সমস্ত সৃষ্টি ও কৃতকার্য্যহইতে বিশ্রামের দিন হওয়াতে, ঈশ্বর তাহাকে আশীর্ব্বাদ করিয়া পবিত্র করিলেন।"

অতএব সেই সময় অবধি প্রায় তাবৎ জাতীয় লোকেরা ৫ বা ৮ বা ১০ ইত্যাদি অন্য কোন সংখ্যাদ্বারা মাসের অংশ না করিয়া কেবল ৭ দিবারাত্র অথবা ৭ রাত্রিদিন করিয়া অর্থাৎ সপ্তাহদ্বারা তাহা বিভক্ত করিয়া আসিতেছেন।

এতদ্দেশে প্রচলিত বাঙ্গালী ও মুসলমানী এবং ইংরাজী এই তিন জাতীয় লোকদের ব্যবহার্য্য সপ্তাহের দিন সকলের ঐক্য হয় বটে, কিন্তু ভাষার ভেদানুসারে নামই বিভিন্ন; অতএব সপ্তাহের বার সকলের নাম এ স্থলে লিখিতেছি, যথা।

সপ্তাহের	বাংনাম	মুংনাম	ইংনাম
প্রথম দিন	রবিবার	এত্তবার	সণ্ডে
দ্বিতীয় দিন	সোমবার	পীরকারোজ	মণডে
তৃতীয় দিন	মঙ্গলবার	মঙ্গলকারোজ	টিউসডে
চতুর্থ দিন	বুধবার	বুধকারোজ	ওএনিসডে
পঞ্চম দিন	বৃহস্পতিবার	জুমারাৎ	থর্সডে
ষষ্ঠ দিন	শুক্রবার	জুমা	ফ্রাইডে
সপ্তম দিন	শনিবার	সনীচর	সাটরডে

দিনের বিশেষ২ অংশ নির্ণয় করণের নিয়ম।

ইংরাজী ধারা এই। এক দিবারাত্রিতে ২৪ ঘণ্টা হয়, ১ ঘণ্টায় ৬০ মিনিট, এবং ১ মিনিটে ৬০ সেকণ্ড হয়। দুই প্রহর রাত্রি অবধি ঘণ্টার গণনারম্ভ করা যায়, তাহাতে

মধ্যাহ্ন কালীন দুই প্রহর পর্য্যন্ত ১২ ঘণ্টা গণনা করিলে, পুনরায় গণনা আরব্ধ হয়; অর্থাৎ ১ ঘণ্টা অবধি ধরিয়া ২৪ ঘণ্টা পর্য্যন্ত ঠিক না দিয়া, কেবল ১২ ঘণ্টা (অর্থাৎ দুই প্রহর) পর্য্যন্ত প্রতিদিন দ্বিবার গণনা করিতে হয়। এতদ্দেশীয় গণনানুসারে সূর্য্যের উদয় অবধি অস্তপর্য্যন্ত প্রতিদিনে ৪ প্রহর, এবং সূর্য্যের অস্তাবধি উদয় পর্য্যন্ত প্রতিরাত্রিতেও ৪ প্রহর হয়; সুতরাং এক অহোরাত্রে ৮ প্রহর (কিম্বা ৬০ দণ্ড) হয়। ৪ প্রহরেতে ৩০ দণ্ড, ১ প্রহরে ৭॥ দণ্ড ১ দণ্ডে ৬০ পল, ১ পলে ৬০ বিপল, এবং ১ বিপলে ৬০ অনুপল।

এই দুই প্রকার গণনাক্রম সকল সময়ে ঠিক মিলে না বটে, কিন্তু উভয় বিষুব কালে. * অর্থাৎ যে সময়ে দিবারাত্রির পরিমাণ সমান হয়, সেই সময়ে দুয়ের ঐক্য করা সুসাধ্য। তৎকালে যে প্রকার উভয় মতের মিলন হয়, তাহা এ স্থলে লেখা যাইতেছে। ৮ প্রহরে (কিম্বা ৬ দণ্ডে) ২৪ ঘণ্টা; ৪ প্রহরে (বা ৩০ দণ্ডে) ১২ ঘণ্টা; ১ প্রহরে (বা ৭॥ দণ্ডে) ৩ ঘণ্টা; ২॥ দণ্ডে ১ ঘণ্টা, ১ দণ্ডে ২৪ মিনিট. ২॥ পলে ১ মিনিট, ১০ বিপলে ৪ সেকণ্ড, ২॥ বিপলে ১ সেকণ্ড হয় ইত্যাদি।

---

* সংবৎসরের মধ্যে দুই বিষুব এবং দুই অয়ন হয়। মহা বিষব কাল চৈত্র মাসের ১০ দশ দিনে এবং জল বিষুব ১০ আশ্বিনে হয়। উভয় বিষুব কালে দিবারাত্রের মান সমান হয়। আষাঢ় মাসের ১০ দিনে দক্ষিণায়নের আরম্ভ. তৎকালে অন্য সময় অপেক্ষা দিবসের পরিমাণ অধিক ও রাত্রির পরিমাণ সঙ্কীর্ণ হয়। ১০ পৌষে উত্তরায়ণ আরব্ধ হয়; তখন দিনমান ক্ষুদ্র ও রাত্রিমান অধিক হয়।

ইংরাজী ঘণ্টাবলির সহিত প্রহরাদির ঐক্য করণের দুই মত নিদর্শন পত্র এই।

বাঙ্গালা			ইংরাজী	
প্রহর ।	দণ্ড ॥		ঘণ্টা ।	মিনিট
০	০	=	৬ ।	০
০	১	=	৬ ।	২৪
০	২	=	৬ ।	৪৮
০	৩	=	৭ ।	১২
০	৪	=	৭ ।	৩৬
০	৫	=	৮ ।	০
০	৬	=	৮ ।	২৪
০	৭	=	৮ ।	৪৮
১	=(৭॥)	=	৯ ।	০
১	১	=	৯ ।	২৪
১	২	=	৯ ।	৪৮
১	৩	=	১০ ।	১২
১	৪	=	১০ ।	৩৬
১	৫	=	১১ ।	০
১	৬	=	১১ ।	২৪
১	৭	=	১১ ।	৪৮
২	=(১৫)	=	১২ ।	০

বাঙ্গালা			ইংরাজী	
প্রহর ।	দণ্ড ॥		ঘণ্টা ।	মিনিট
২	=(১৫)	=	১২ ।	০
২	১	=	১২ ।	২৪
২	২	=	১২ ।	৪৮
২	৩	=	১ ।	১২
২	৪	=	১ ।	৩৬
২	৫	=	২ ।	০
২	৬	=	২ ।	২৪
২	৭	=	২ ।	৪৮
৩	=(২২॥)	=	৩ ।	০
৩	১	=	৩ ।	২৪
৩	২	=	৩ ।	৪৮
৩	৩	=	৪ ।	১২
৩	৪	=	৪ ।	৩৬
৩	৫	=	৫ ।	০
৩	৬	=	৫ ।	২৪
৩	৭	=	৫ ।	৪৮
৪	=(৩০)	=	৬ ।	০

ইংরাজী		বাঙ্গালা	
ঘণ্টা।		প্রহর ।	দণ্ড।
১	=	২	২॥
১॥	=	২॥	০
২	=	২	৫
৩	=	৩	০
৪	=	৩	২॥
৪॥	=	৩॥	০
৫	=	৩	৫
৬	=	৪	০

ইংরাজী		বাঙ্গালা	
ঘণ্টা।		প্রহর	দণ্ড।
৭	=	০	২॥
৭॥	=	॥	০
৮	=	০	৫
৯	=	১	০
১০	=	১	২॥
১০॥	=	১॥	০
১১	=	১	৫
১২	=	২	০

দিনারম্ভ নির্ণয় করণ।

ইংরাজী লোকেরা দুই প্রহর রাত্রি অবধি অপর দুই প্রহর রাত্রি পর্য্যন্ত, এবং হিন্দুরা সূর্য্যের এক উদয় অবধি অপর উদয় পর্য্যন্ত. ও মুসলমানেরা সূর্য্যের এক অস্ত অবধি অপর অস্ত পর্য্যন্ত অর্থাৎ তিন জাতীয়েরা এই তিন প্রকারে প্রতি দিবসের পরিমাণ নির্ণয় করিয়াছেন। যথা সপ্তাহের প্রথম দিবসের আরম্ভ মুসলমানেরা শনি-বারের সন্ধ্যাকালাবধি, আর ইংরাজেরা শনিবারের দুই প্রহর রাত্রি সময়াবধি, এবং হিন্দুগণ রবিবারের প্রাতঃ-কালাবধি গণনা করেন।

সাবন ও চান্দ্র দিনাদির বিষয়।

হিন্দুদের শাস্ত্রানুসারে সূর্য্যের এক উদয় অবধি অপর উদয় পর্য্যন্ত যে দিন, তাহাকে সাবন দিন কহা যায়। যে কোন দিন অবধি ঐ রূপ ৩০ সাবন দিনে এক সাবন মাস হয়। ১২ সাবন মাসে এক সাবন বৎসর * হয়। তা-হাতে সাবন বৎসরে কেবল ৩৬০ দিন মাত্র থাকে, কিন্তু প্রতি সৌর বৎসরে ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপল হয়।

চান্দ্র মাসে ৩০ তিথি অর্থাৎ চান্দ্র দিন হয়। যে ১৫ তিথিতে চন্দ্রের জ্যোৎস্না ক্রমশঃ বৃদ্ধি পায় তাহাকে শুক্লপক্ষ, এবং যে ১৫ তিথিতে জ্যোৎস্না উত্তরোত্তর হ্রাস

* ইং সাবন মাস ও বৎসর এতদ্রূপেও গণনা করা যায়।

পায় তাহাকে কৃষ্ণপক্ষ কহা যায়। সেই তিথি সকল এই ২ নামে এদেশে বিখ্যাত হইয়াছে, যথা।

শুক্লা তিথি।

১ প্রতিপদ, ২ দ্বিতীয়া, ৩ তৃতীয়া, ৪ চতুর্থী, ৫ পঞ্চমী, ৬ ষষ্ঠী. ৭ সপ্তমী, ৮ অষ্টমী, ৯ নবমী, ১০ দশমী, ১১ একাদশী, ১২ দ্বাদশী, ১৩ ত্রয়োদশী, ১৪ চতুর্দ্দশী, ১৫ পূর্ণিমা।

কৃষ্ণা তিথি।

১৬ প্রতিপদ্. ১৭ দ্বিতীয়া, ১৮ তৃতীয়া, ১৯ চতুর্থী, ২০ পঞ্চমী, ২১ ষষ্ঠী, ২২ সপ্তমী, ২৩ অষ্টমী, ২৪ নবমী. ২৫ দশমী, ২৬ একাদশী, ২৭ দ্বাদশী, ২৮ ত্রয়োদশী, ২৯ চতুর্দ্দশী, ৩০ অমাবস্যা।

শুক্ল প্রতি পদ্ অবধি অমাবস্যা পর্য্যন্ত যে ৩০ তিথি তাহাকে মুখ্য চান্দ্র, আর কৃষ্ণ প্রতিপদ্ অবধি পুর্ণিমা পর্য্যন্ত যে ৩০ তিথি তাহাকে গৌণ চান্দ্র মাস কহা যায়। অপর শুক্ল পক্ষীয় বা কৃষ্ণ পক্ষীয় যে কোন তিথিহইতে আরম্ভ করিয়া তাহার পূর্ব্ব তিথি পর্য্যন্ত যে ৩০ তিথি, তাহাকে চান্দ্র সাবন মাস কহা যায়।

ইংরাজী ও বাঙ্গালা এবং মুসলমানী এই তিন বৎসরের মাস নিরূপণের বিষয়।

১ ইংরাজী মাস।

প্রতি বৎসরে ইংরাজী ১২ মাস হয়; সে মাস সকলের নাম, এবং প্রত্যেক মাসীয় দিনসংখ্যা বিশেষ করিয়া এ স্থলে লেখা যাইতেছে।

নাম	দিনসংখ্যা	নাম	দিনসংখ্যা
১ জানুয়রি	৩১ দিন	৭ জুলাই	৩১ দিন
২ ফেব্রুয়রি	২৮ দিন	৮ আগষ্ট	৩১ দিন
৩ মার্চ	৩১ দিন	৯ সেপ্টেম্বর	৩০ দিন
৪ এপ্রিল	৩০ দিন	১০ অক্টোবর	৩১ দিন
৫ মে	৩১ দিন	১১ নোবেম্বর	৩০ দিন
৬ জুন	৩০ দিন	১২ ডিসেম্বর	৩১ দিন

এই বারো মাসে ৩৬৫ দিন।

কিন্তু তিন২ বৎসরের পরে, অর্থাৎ প্রতি চতুর্থ বৎসরে ফেব্রুয়রি মাস মল মাস হয়; তাহা হইলে ফেব্রুয়রিতে ২৯, আর সেই বৎসরে ৩৬৬ দিন হয়। ইহা ছাড়া ইংরাজী মাসের কিম্বা বৎসরের হ্রাস বৃদ্ধি কিছুই নাই।

ইং সন ৪ দিয়া হরণ করিলে যদি শূন্য অবশিষ্ট থাকে, তবে তাহা মলমাসীয় বৎসর জানা যায়। ইহার প্রমান, যথা।

সেপ্টেম্বর এপ্রিল জুন নোবেম্বর।
ত্রিশ দিনে মাসান্ত হয় নিরন্তর॥
ইহা ভিন্ন অন্য মাস একত্রিশ দিনে।
ফিব্রেল্ আটাশে হয় জান সর্ব্বজনে॥
কভু ইথে কোন মাস কম্‌বেশ নয়।
তিন বর্ষানন্তর ফিব্রেল্ ঊনত্রিশে হয়॥

২ বাঙ্গালা মাস।

প্রতিবৎসরে বাঙ্গালা ১২ সৌর মাস হয় বটে, তথাচ প্রত্যেক মাসের দিনসংখ্যা সকল বৎসরে সমান নহে;

তাহার কারণ এই, সূর্য্যের গতির শীঘ্রতা ও মন্দতা প্রযুক্ত মাস সকলের হ্রাস বৃদ্ধি হয়, তাহাতে কখন মাসে ২৯ কখন বা ৩২ দিন হয়। অতএব মাস সকলের নাম এবং সিদ্ধান্তরহস্য মতে তৎপরিমাণ এ স্থানে লেখা যাইতেছে।

মাস	দিন	দণ্ড	পল
১ বৈশাখ	৩০	৫৬	৪৯
২ জ্যৈষ্ঠ	৩১	২৫	৪১
৩ আষাঢ়	৩১	৩৮	৪০
৪ শ্রাবণ	৩১	২৭	৫৯
৫ ভাদ্র	৩১	০	২০
৬ আশ্বিন	৩০	২৫	৪১
৭ কার্ত্তিক	২৯	৫২	৫১
৮ অগ্রহায়ণ	২৯	২৮	৫৮
৯ পৌষ	২৯	১৯	৫
১০ মাঘ	২৯	২৭	২১
১১ ফাল্গুণ	২৯	৫০	৪
১২ চৈত্র	৩০	২২	৩
সর্ব্বশুদ্ধ *	৩৬৫	১৫	৩২

এই ১২ মাসে সূর্য্য দ্বাদশ রাশি ভোগ করে; ফলতঃ প্রত্যেক রাশিতে সূর্য্য যতকাল থাকে, সেই কালে এক ২ সৌর মাস হয়; যথা।

* এই বারো মাসে দুই ২ মাস করিয়া ৬ ঋতু হয়, যথা।

চৈত্র বৈসাখ	বসন্তকাল	আশ্বিন কার্ত্তিক	শরৎকাল
জ্যৈষ্ঠ আষাঢ়	গ্রীষ্মকাল	অগ্রহায়ণ পৌষ	হেমন্তকাল
শ্রাবণ ভাদ্র	বর্ষাকাল	মাঘ ফালগুণ	শিশিরকাল

১ মেষে থাকিলে বৈশাখ	৭ তুলায় থাকিলে কার্ত্তিক
২ বৃষে — জ্যৈষ্ঠ	৮ বৃশ্চিকে — অগ্রহায়ণ
৩ মিথুনে আষাঢ়	৯ ধনুতে — পৌষ
৪ কর্কটে — শ্রাবণ	১০ মকরে — মাঘ
৫ সিংহে — ভাদ্র	১১ কুম্ভে — ফাল্গুণ
৬ কন্যাতে — আশ্বিন	১২ মীনে — চৈত্র।

ইংরাজী মাসের ১১ তারিখ অবধি ১৭ তারিখের মধ্যে বাঙ্গালা মাস প্রবর্ত্ত হয়; যথা।

১ বৈশ = ১২। ১৩ এপ্রিল	১ কার্ত্ত = ১৬। ১৭ অকট
১ জ্যৈষ্ঠ = ১৩। ১৪ মে	১ অগ্রহ = ১৫। ১৬ নোব
১ আষ = ১৩। ১৪ জুন	১ পৌষ = ১৪। ১৫ ডিস
১ শ্রাস = ১৫। ১৬ জুলাই	১ মাঘ = ১২। ১৩ জান
১ ভাদ্র = ১৫। ১৬ আগস্ট	১ ফাল = ১১। ১২ ফেব
১ আশ্ব = ১৬। ১৭ সেপ	১ চৈত্র = ১২। ১৩ মাচ

সৌর কলিযুগাব্দ ও শকাব্দ এবং মগী সন, এই তিন বৎসরের মাস ও দিন গণনা বাঙ্গালা সালের সমান হয়। অপর চান্দ্র কলিযুগাব্দ ও সম্বৎ আর ফস্‌লী এবং বিলায়তী, এই চারি বৎসরের মাস সকল বাঙ্গাব্দের সমান বটে, কিন্তু তারিখ মিলে না।

৩ মুসলমানী মাস।

মুসলমানেরা প্রতিবৎসরে ১২ চান্দ্র মাস গণনা করেন। অমাবস্যার পরে যে রাত্রিতে নূতন চন্দ্র প্রথমে দৃষ্ট হয়, সে রাত্রিতে মাস পরিবর্ত্ত হয়; সুতরাং তাহার পর দিন মাসের পহিলা তারিখ। ইহাতে মুসলমানীয় মাসের আরম্ভ শুক্লপক্ষের তৃতীয়াতে, কখন বা দ্বিতীয়াতেও পড়ে।

নিম্ন লিখিত সূচী পত্রানুসারে প্রতিমাসে ২৯ কিম্বা ৩০ দিন হয়, যথা।

১	মহরম	৩০ দিন	৭	রজব	৩০ দিন
২	সফর	২৯ দিন	৮	শাবান	২৯ দিন
৩	রবী উলায়ল	৩০ দিন	৯	রমজান	৩০ দিন
৪	রবী উস্‌সানী	২৯ দিন	১০	শওয়াল	২৯ দিন
৫	জমাদি উলায়ল	৩০ দিন	১১	জীলকদ	৩০ দিন
৬	জমাদী উসসানী	২৯ দিন	১২	জীলহজ্জ	২৯ দিন

এই বারো মাসে ৩৫৪ দিন।

পরন্তু জীলহজ কখন ২ মল মাস হয়, তহা হইলে ঐ মাসে ৩০ দিন এবং বৎসরে ৩৫৫ দিন গণিত হয়। তাহার নিয়ম এই, যথা; হিজরী সনকে ৩০ দিয়া হরণ করিলে যদি ২, ৫, ৭, ১০, ১৩, ১৬, ১৮, ২১, ২৪, ২৬, বা ২৯ অবশিষ্ট থাকে, তবে সেই বৎসরের জীলহজ্জ মলমাস হয়।

হিজরী, অর্থাৎ মুসলমানী সাল, ইংরাজী এবং বাঙ্গালা বৎসরাপেক্ষায় ১০। ১১ দিবস ন্যূন হওয়াতে, এই দুই সালের যে প্রকার পরম্পরাগত নিত্য মেল হয়, সেই প্রকার মেল তাহার সহিত থাকিতে পারে না; ফলতঃ হিজরী সনের মাস সকল ক্রমে ২ সরিয়া যায়, তাহাতে মহরমাদি প্রত্যেক মাস কখন শীত কালে কখন বা গ্রীষ্ম ইত্যাদি কালে পড়ে।

ভারতবর্ষে প্রচলিত নানা বৎসরের উৎপত্তির নিদর্শন পত্রিকা।

খ্রীষ্টাব্দ কি না ইংরাজীসন খ্রীষ্টের জন্মাবধি গৃহীত হয়।

শকাব্দ কি না শালিবাহনের সন খ্রীষ্টীয় ৭৯ সালে উৎপন্ন হয়।

বঙ্গাব্দ খ্রীষ্টীয় সনের ৫৯৪ সালে আরব্ধ হয়।

হিজরী সনের আরম্ভ খ্রীষ্টাব্দের ৬২২ সালের ১৬ জুলাইতে হয়।

বিলায়তী ও ফসলী এই উভয় সনের উৎপত্তি খ্রীষ্টাব্দের ৫৯৩ বৎসরে হয়।

মগী সন খ্রীষ্টাব্দের ৬৩৯ সালে আরব্ধ হয়।

খ্রীষ্টীয় শকের পূর্ব্বে ৩১০২ বৎসরের মাঘীপূর্ণিমাতে শুক্রবারে (অর্থাৎ ফেব্রুয়রি মাসের ১৮ তারিখে) কলিযুগাব্দের আরম্ভ হয়।

সম্বৎ কি না বিক্রমাদিত্যের সাল খ্রীষ্টাব্দের পূর্ব্বে ৫৬ বৎসরের মার্চ মাসে আরব্ধ হয়।

বঙ্গাব্দ ও বিলায়তী এবং ফসলী এই তিন সন খ্রীষ্টাব্দের ১৫৫৬ সালাবধি ব্যবহৃত হয়।

উক্ত বৎসর সকলের বিশেষ ২ নিয়ম।

শকাব্দ আর বঙ্গাব্দ ও চট্টগ্রামে প্রচলিত মগী সন সৌরমানে গৃহীত হয়। আর উড়িষ্যায় প্রচলিত যে রাজকীয় বিলায়ত্তি সন, সেও সৌরমানে গণিত হয়, কিন্তু

সংক্রান্তি দিনের পূর্ব্ব দিনে মাস সমাপ্তি হয়। ইংরাজী বৎসর অয়নাংশ শোধিত সৌরমানে গৃহীত হয়।

কলিযুগাব্দ সৌর ও মুখ্যচান্দ্র উভয়মানেই দেশ ও ক্রিয়ার ব্যবহার অনুসারে প্রবৃত্ত হয়।

হিন্দুস্থানে শাস্ত্রীয় ব্যবহারে প্রচলিত সম্বৎ মুখ্য চান্দ্রে, এবং রাজকীয় ব্যবহারার্থ প্রচলিত ফসলী সাল গৌণ চান্দ্রে গৃহীত হয়; কিন্তু কৃষ্ণ প্রতিপদে মাস আরম্ভ, ও পূর্ণিমাতে মাস সমাপ্তি, প্রায় তত্রস্থ লোকেরা ব্যবহার করিয়া থাকেন, অর্থাৎ মাস ব্যবহার গৌণ চান্দ্র মানেই হয়।

সৌরমানে গৃহীত কলিযুগাব্দ আর শকাব্দ ও বঙ্গাব্দ এবং মগী সন এ চারি বৎসর মহাবিষুব সংক্রান্তিতে পরিবর্ত্ত হয়। আর এই সৌর বৎসর আরব্ধ হইবার পূর্ব্বে অমাবস্যাতে চান্দ্র কলিযুগাব্দ ও সম্বৎ সমাপ্ত হইলে চৈত্র শুক্ল প্রতিপদ্ অবধি ঐ দুই বৎসর পরিবর্ত্ত হয়। ভাদ্র শুক্ল দ্বাদশীতে পার্ব্বণীয় বিলায়তি সাল, ও ভাদ্র কৃষ্ণ প্রতিপদে ফসলী সাল পরিবর্ত্ত হয়। হিজরী সাল পরিবর্ত্তের নিয়ম এই; ১২ চান্দ্র মাসে বৎসর সমাপ্ত হইলে নূতন বৎসর আরম্ভ হয়। ইংরাজী বৎসর ডিসেম্বর মাসের ৩১ দিনে সমাপ্ত হইলে ১ জানুয়রিতে পরিবর্ত্ত হয়।

চন্দ্রকলার বৃদ্ধি হ্রাসের বিষয়*।

চন্দ্র অমাবস্যার সময়ে সূর্য্য ও পৃথিবীর মধ্যবর্ত্তী হওয়াতে তাহার অধোভাগে (অর্থাৎ পৃথিবীর সম্মুখস্থ ভাগে) সূর্য্য কিরণ সংলগ্ন হয় না, সুতরাং চন্দ্র তৎ-কালে অদৃশ্য থাকে। কিন্তু আপন পথে অগ্রগমন করিতে২ তাহার যে পার্শ্ব কিরণ প্রাপ্ত হয়, সেই পার্শ্ব ক্রমশঃ পৃথিবীর দিগে ফিরিয়া প্রকাশিত হইতে থাকে, তাহাতে প্রথমতঃ সন্ধ্যাকালে নূতন চন্দ্র রূপে পশ্চিম দিগে দৃষ্ট হয়। পরে সূর্য্য হইতে যাইতে২ তাহার প্রকাশমান পার্শ্ব পূর্ণিমা পর্য্যন্ত প্রতিদিন বাড়িতে থাকে। পৃথিবী তৎকালে চন্দ্র ও সূর্য্যের মধ্যস্থ হয়, তাহাতে চন্দ্রের কিরণযুক্ত পার্শ্ব সম্পূর্ণ রূপে পৃথিবীর

---

* সূর্য্যের অধঃস্থলহইতে নিঃসৃত হইয়া চন্দ্র যত ক্ষণে ১২ অংশ অন্তর গমন করে, তত ক্ষণে এক তিথি হয়। প্রথম ১২ অংশ গমনে শুক্ল প্রতিপদ, দ্বিতীয় ১২ অংশ গমনে দ্বিতীয়া, এই রূপে রাশি চক্রের অর্দ্ধেক (অর্থাৎ ১৮০ অংশ) গমনে শুক্ল পক্ষের ১৫ তিথি হয়। পরে ঐ রূপ ১২ অংশ গমনক্রমে যে ১৫ তিথিতে চন্দ্র ক্রমশঃ সূর্য্যের নিকটগামী হইয়া সমসূত্রপাত ন্যায়ে পুনর্ব্বার সূর্য্যের অধোবর্ত্তী হয়, সেই ১৫ তিথিকে কৃষ্ণ পক্ষ কহা যায়। সূর্য্যহইতে চন্দ্র যত ১২ অংশ দূর গমন করে, চন্দ্রের তত কলা দৃষ্ট হয়; আর যত ১২ অংশ নিকটগামী হয় তত কলা অদৃশ্য হয়। তাহাতে সূর্য্যের উভয় পার্শ্বস্থ ১২ অংশের মধ্যে চন্দ্রের অবস্থিতি হইলে (অর্থাৎ কৃষ্ণ চতুর্দ্দশীর শেষাবধি শুক্ল প্রতিপদের শেষ পর্য্যন্ত) চন্দ্র দর্শন হয় না।

চন্দ্রকলার বৃদ্ধি হ্রাসের নিদর্শন.

দিগে থাকাতে বৃত্তাকারে সুদৃশ্য হয়। পরে উৎক্রমে অমাবস্যা পর্য্যন্ত ঐ দীপ্তিময় পার্শ্ব হ্রাস পাইতে থাকে। ইহার নিদর্শন সম্মুখস্থ চিত্রপটে বিস্তারিত করা গিয়াছে। যথা সূ কারে চিহ্নিত মণ্ডল সূর্য্যকে ও পৃ কারে পৃথিবীকে এবং চ কারে চন্দ্রকে বুঝায়। চন্দ্র আপন কক্ষাতে পৃথিবীকে প্রদক্ষিণ করত তাহার যে পার্শ্ব সূর্য্যের সম্মুখস্থ হয়, সেই পার্শ্ব সর্ব্বদা দীপ্ত থাকে বটে; কিন্তু পৃথিবী হইতে এই চিত্রানুসারে বৃদ্ধি বা হ্রাস পাইতে দেখা যায়। বিশেষতঃ অমাবস্যার সময়ে চন্দ্র একেবারে অদৃশ্য থাকে; পরে শুক্ল পক্ষের তৃতীয়াতে এক পাদ মাত্র, ও সপ্তমীতে অর্দ্ধচন্দ্র, ও একাদশীতে তিন পাদ, এবং পূর্ণিমাতে পূর্ণচন্দ্র দেখা যায়। অতঃপরে কৃষ্ণ পক্ষে উৎক্রমে হ্রাস দেখা যাইতেছে।

গ্রহণের কারণ।

পূর্ণিমার পূরণ কালে যদি সূর্য্য ও পৃথিবী এবং চন্দ্র সমসূত্রপাতে মিলিত হয়, তবে পৃথিবীর ছায়াতে চন্দ্র আচ্ছাদিত হওয়াতে সম্পূর্ণ চন্দ্র গ্রহণ হয়। তদ্রূপে অমাবস্যার পূরণ কালে সূর্য্য ও চন্দ্র এবং পৃথিবীর সমসূত্রপাতে মিলন হইলে চন্দ্রের ছায়া পৃথিবীর যে২ স্থানে পড়ে, তদ্দেশীয় লোকেরা সূর্য্যগ্রহণ দেখিতে পায়।

প্রত্যেক পূর্ণিমাতে ও প্রত্যেক অমাবস্যাতে গ্রহণ হয় না, তাহার কারণ এই, যে চন্দ্রের পথ পৃথিবীর পথের

সহিত তাহার কক্ষার পাত হয়; তাহাতে পূর্ণিমার বা অমাবস্যার পূরণ কালে চন্দ্র যদি পাত স্থলে (অর্থাৎ উভয় পথের মিলন স্থলে) অথবা ঐ পাতের নিকটবর্ত্তি স্থলে উপস্থিত না হয়, তবে গ্রহণ হইতে পারে না। ফলতঃ চন্দ্র সূর্য্য পৃথিবী এই তিনের সমসূত্রপাত হইলে গ্রহণস্থিতির আধিক্য হয়।

সূর্য্য গ্রহণ।

পৃথিবীহইতে চন্দ্র ক্ষুদ্র, তাহাতে তাহার ছায়া সমুদয় পৃথিবীকে গ্রাস না করিয়া তাহার কিয়দংশমাত্র আচ্ছাদিত করে। তন্নিমিত্তে কেবল ছায়াচ্ছন্ন দেশেতে সূর্য্য গ্রহণ দেখা যায়; বিশেষতঃ ছায়ার মধ্যস্থল নিবাসিরা সম্পূর্ণ বা অঙ্গুরীয়াকৃতি গ্রহণ, এবং ছায়ান্তর্বর্ত্তি চতুর্দিকস্থ লোকেরা অসম্পূর্ণ গ্রহণ দেখিতে পায়; কিন্তু ছায়া বহির্ভূত ব্যক্তিরা সেই গ্রহণ দেখিতে পায় না। ইহা সম্মুখস্থ পটের প্রথম চিত্র দেখিলে অনায়াসে জানা যাইবে।

চন্দ্র গ্রহণ

চন্দ্রগ্রহণ হইলে যে সকল দেশে চন্দ্র তৎকালে দৃশ্য হয়, তত্তদ্দেশীয় লোকেরা ঐ গ্রহণ দেখিতে পায়। চন্দ্রাপেক্ষা পৃথিবীর বৃহত্ত্ব প্রযুক্ত তাহার ছায়াও বিস্তারিত হয়; সুতরাং চন্দ্র তন্মধ্যে প্রবিষ্ট হইলে সম্পূর্ণ রূপে

সূর্য্য গ্রহণ।
চন্দ্র গ্রহণ।

আচ্ছাদিত হওয়াতে একেবারে অদৃশ্য হয়। ইহার বিশেষ দ্বিতীয় চিত্রে ব্যক্ত করা গিয়াছে।

যথা সূ কার প্রতিপাদ্য সূর্য্যহইতে কিরণ নির্গত হইয়া অবক্র পথে শূন্যমধ্যে পর্য্যটন করে; তাহাতে সূর্য্যাপেক্ষা পৃথিবী ক্ষুদ্র হওয়াতে তাহার প্রকৃত ছায়া আকাশ মধ্যে শুণ্ডাকৃতি রূপে ক্রমশঃ সূক্ষ্ম হইয়া পড়ে। সূর্য্য কিরণ সকল পৃথিবীর উপরিভাগ দিয়া গমন করিয়া যে স্থলে মিলিত হয় সেই স্থল পর্য্যন্ত ঐ ছায়া সীমাবদ্ধ হয়। কিন্তু পৃথিবীর উপছায়া শূন্যেতে ক্রমে ২ বিস্তৃত হইতে থাকে। উপছায়া অপেক্ষা পৃথিবীর প্রকৃত ছায়া মলিন দেখা যায়।

চন্দ্র উপছায়ার মধ্যে প্রবিষ্ট হইবামাত্র তেজোহীন হয়; কিন্তু প্রকৃত ছায়ার মধ্যগত হইলে ব্যবধানরূপ পৃথিবীদ্বারা সূর্য্য কিরণ সমুদয় অবরুদ্ধ হওয়াতে অদৃশ্য হয়।*

---

* মনুষ্য জাতির ন্যায় বুদ্ধিবিশিষ্ট কোন প্রাণী যদি চন্দ্রেতে বাস করে, তবে যৎকালে পৃথিবীস্থ লোকেরা সূর্য্য গ্রহণ দেখিতে পায়, তৎকালে চন্দ্র নিবাসি লোকেরা পৃথিবী গ্রহণ দর্শন করে; ফলতঃ সেই সময়ে চন্দ্রের ছায়া পৃথিবীর উপর দিয়া গমন করিতে দেখে। এতদ্রূপেও আমাদিগের চন্দ্র গ্রহণ কালে চন্দ্রস্থ লোকদের সূর্য্য গ্রহণ হয়।

অন্যান্য গ্রহদের গ্রহণাদির বিষয়।

পৃথিবীর ন্যায় বৃহস্পতি প্রভৃতি যে২ গ্রহের চন্দ্র আছে, তাহাদিগেরও উক্ত রূপে গ্রহণ হইয়া থাকে; তন্মধ্যে বৃহস্পতির চারি চন্দ্রের গ্রহণের বিশেষ২ কাল ইউরোপীয় জ্যোতির্ব্বেত্তৃগণ কর্ত্তৃক অতি সূক্ষ্ম রূপে নির্ণীত হইয়াছে। ঐ গ্রহণের সময় এবং ধ্রুব তারার উচ্চ বা নীচ স্থিতির নিশ্চয় করিলে জাহাজীয় নাবিকেরা সমুদ্রের মধ্যের কোনো দেশের নিকটস্থ না হইয়াও কোন্ স্থানে আছে, ইহা সর্ব্বদা স্থির করিতে পারে।

বুধ এবং শুক্র এই দুই গ্রহের পথ পৃথিবীর পথান্তর্বর্ত্তী থাকাতে, ইহারা চন্দ্রের ন্যায় কখন২ সমসূত্রপাতে সূর্য্য ও পৃথিবীর মধ্যগত হয়। পরন্তু স্থিতির দূরতা প্রযুক্ত তাহাদের ছায়া পৃথিবীতে সংলগ্ন হইতে পারে না, তাহাতেও তদ্দ্বারা সূর্য্যগ্রহণ হয় না; কিন্তু তৎকালে দুরবীন দিয়া নিরীক্ষণ করিলে ঐ গ্রহকে ভাঁটার ন্যায় সূর্য্যের উপরে গমন করিতে দেখা যায়।

সত্যাদি যুগের বিষয়।

পৌরাণিকদের মতানুসারে পৃথিবীর সৃষ্টিকালাবধি সত্য ত্রেতা দ্বাপার, এই তিন যুগ, এবং কলি নামক বর্ত্তমান যুগের ৪৯৫১ বৎসর গত হইয়াছে। উক্ত যুগ চতুষ্টয়ের পরিমাণ এই রূপে স্থির করিয়াছেন, যথা,

	সৌর বৎসর।
কলি যুগের বৎসর	৪৩২০০০
কলির ২ গুণ দ্বাপর যুগ	৮৬৪০০০
কলির ৩ গুণ ত্রেতা যুগ	১২৯৬০০০
কলির ৪ গুণ সত্য যুগ	১৭২৮০০০
এই চারি যুগ একত্র করিলে এই মহাযুগ হয়, তৎপরিমাণ	৪৩২০০০০

৭১ মহাযুগে এক মন্বন্তর হয়, তাহাতে ৩০৬৭২০০০০ বৎসর হয়; কিন্তু প্রত্যেক মন্বন্তরের শেষে সত্যযুগের পরিমাণে ১৭২৮০০০ বৎসর সন্ধিকাল হয়, তাহাতে সন্ধি কালের সহিত প্রতি মন্বন্তরের পরিমাণ ৩০৮৪৪৮০০০ বৎসর। এইরূপ চতুর্দ্দশ মন্বন্তর হয়, তন্মধ্যে বর্ত্তমান বৈবস্বত নামক মন্বন্তরের ২৭ মহাযুগ এবং অষ্টাবিংশতি মহাযুগের প্রথম তিন যুগ গত হইয়াছে। সেই সকল মন্বন্তরে ৪৩১৮২৭২০০০ বৎসর হয়, তাহাতে ১৭২৮০০০ এক সন্ধিকাল যোগ করিলে এক কল্প হয়, তাহার পরিমাণ ৪৩২০০০০০০০ বৎসর।

আরও লিখিত আছে, এই রূপ ১ কল্পে ব্রহ্মার ১ দিন ৩০ কল্পে ১ মাস, ও ১২ মাসে (বা ৩৬০ কল্পে) ১ বৎসর হয়। আর এরূপ ১০০ বৎসর (অর্থাৎ ১৫৫৫২০০০০০০০০০০ বৎসর) ব্রহ্মার আয়ুঃ; তন্মধ্যে ৫০ গত হইয়া ৫১ বৎসরের শ্বেতবরাহ কল্প নামে শুক্লপক্ষের প্রতিপদ্ সংপ্রতি যাইতেছে।

উপরি লিখিত অঙ্ক সংখ্যা সকল বিবেচনা করিতে গেলে

স্পষ্ট দেখা যাইতেছে, যে ঐ সকল কালের পরিমাণ কল্পিত গণনামাত্র সুতরাং জগৎস্থ কোন দেশীয় লোকদের ইতিহাস গ্রন্থের সহিত কিছু সম্পর্ক রাখে না। বোধ হয় প্রাচীন জ্যোতির্বিদেরা প্রথমতঃ কলিযুগের পরিমাণ কল্পনা করিয়া তাহার দ্বিগুণ দ্বাপর ও তিনগুণ ত্রেতা ও চারিগুণ সত্য এবং দশগুণ মহাযুগ নির্ণয় করিয়াছেন; তদ্রূপেও মহাযুগের কালকে কলির সহস্রগুণ করিয়া এক কল্প কল্পিত করিয়াছেন।

ঈশ্বরদত্ত ধর্ম্মপুস্তকে যদ্যপিও জগতের সৃষ্টিকাল স্পষ্ট রূপে নির্ণীত হয় নাই, তথাপি প্রায় ৬০০০ ছয় সহস্র বৎসর গত হইল মনুষ্যজাতির আদিপুরুষ সৃষ্ট হইয়াছিলেন, ইহার নিশ্চয় প্রমাণ পাওয়া যাইতেছে। পরে মনুষ্যদের পাপ প্রযুক্ত জলপ্লাবন দ্বারা সমস্ত পৃথিবী যে কালে মগ্ন হইয়াছিল, সেই মহাপ্রলয় কালের সহিত কলির উৎপত্তি কাল প্রায় ঐক্য হইতেছে, অর্থাৎ তৎকালাবধি ন্যূনাধিক ৫০০০ পাঁচ সহস্র বৎসর গত হইয়াছে।

ধর্ম্ম পুস্তকে লিখিত গগণ মণ্ডলের সৃষ্টি স্থিত্যাদি বিষয়ক নানা প্রমাণ এই পত্রিকার প্রথম খণ্ডে উল্লেখ করা গিয়াছে। এ স্থলে সৃষ্টিকর্ত্তার নির্ণয় ও সৃষ্টির কারণ আর আগন্তব্য মহাপ্রলয় ইত্যাদি বিষয়ে যে রূপ সমাচার উক্ত ঐশ্বরীয় শাস্ত্রেতে প্রকাশিত হইয়াছে, তাহা লিখিতেছি।

"আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের সহিত ছিলেন, এবং ঐ বাক্যই ঈশ্বর। তিনি আদিতে ঈশ্বরের সহিত ছিলেন। তৎকর্ত্তৃক সকল বস্তু সৃষ্ট হইল, এবং তাবৎ সৃষ্ট বস্তুর মধ্যে তাঁহার সৃষ্ট নয়, এমন এক বস্তুও নাই। তিনি জীবনের আকর, ও সেই জীবন মনুষ্যের জ্যোতিঃস্বরূপ। ঐ জ্যোতিঃ অন্ধকারেতে প্রকাশিত হইল, কিন্তু অন্ধকার তাহাকে গ্রাহ্য করিল না।"

"ঈশ্বর পূর্ব্বকালে ভবিষ্যদ্বক্তৃগণদ্বারা পিতৃলোকদিগকে নানা সময়ে ও নানা প্রকারে কহিয়া এই শেষকালে আপন পুত্রদ্বারা

আমাদিগকে কহিয়াছেন। তিনি সেই পুত্রকে সর্ব্বাধিকারী করিয়া তাঁহার দ্বারা সকল জগতের সৃষ্টি করিয়াছেন। এবং সেই পুত্র ঈশ্বরের মহিমার তেজ ও সারের মূর্ত্তি হইয়া আপন শক্তিরূপ বাক্যেতে সকলি ধারণ করিতেছেন; অতএব নিজ প্রাণদ্বারা আমাদের পাপের মার্জ্জনা করিয়া তিনি ঊর্দ্ধস্থ মহামহিমের দক্ষিণ পার্শ্বে বসিলেন।"

"পরমেশ্বর কহেন, স্বর্গই আমার সিংহাসন, ও পৃথিবী আমার পাদপীঠ; তবে তোমরা আমার নিমিত্তে কি রূপ গৃহ নির্ম্মাণ করিবা? ও আমার বিশ্রামস্থান কি? এ সকল বস্তু কি আমার হস্তকৃত নয়।"

"জগৎ এবং জগৎস্থ সমুদয় বস্তুর সৃষ্টিকর্ত্তা যে ঈশ্বর, তিনি স্বর্গ ও পৃথিবীর একাধিপতি হইয়া হস্তকৃত মন্দিরে বাস করেন না; আর তিনিই সকলকে জীবন ও প্রাণ ও তাবৎ সামগ্রী দেন; অতএব তিনি যে কোন সামগ্রীর অভাব প্রযুক্ত মনুষ্যদের হস্ত দ্বারা সেবিত হন এমন নয়। আর তিনি এক রক্তহইতে তাবৎ জাতীয় মনুষ্যকে সৃষ্টি করিয়া তাবৎ ভূমণ্ডলে বাস করিতে দিয়া পূর্ব্বকালে তাহাদের নিরূপিত সময়ের এবং বাসসীমার নিশ্চয় করিয়াছেন; তাহাতে লোকেরা যদি কোন প্রকারে অনুসন্ধান করিয়া পরমেশ্বরের তত্ত্বজ্ঞান পাইতে পারে, তন্নিমিত্তে তাঁহার অন্বেষণ করিতে হয়। কিন্তু তিনি আমাদের কাহারও হইতে দূরে আছেন তাহা নহে; আমরা তাঁহাদ্বারা নিশ্বাস প্রশ্বাস ত্যাগ ও গমনাগমন ও প্রাণধারণ করিতেছি। এবং তোমাদের কএক জন কবি কহিয়াছে, যথা, 'আমরাও তাঁহার বংশ;' অতএব আমরা যদি ঈশ্বরের বংশ হই, তবে মনুষ্যদের বিদ্যাতে ও কৌশলেতে খোদিত যে স্বর্ণ কি রূপা কি প্রস্তর ইত্যাদের তুল্য ঈশ্বরকে জ্ঞান করা আমাদের কর্ত্তব্য নহে। আর সেই পূর্ব্বকালীয় অজ্ঞানতার প্রতি ঈশ্বর দৃষ্টি না করিয়া এখন সর্ব্বত্র সকলকে মনঃপরিবর্ত্তন করিতে আজ্ঞা দিতেছেন; যেহে-

ত্তুক, আপন নিয়োজিত এক পুরুষদ্বারা যে দিনে তিনি ন্যায়েতে পৃথিবীস্থ তাবৎ লোকের বিচার করিবেন. এমন এক দিন নিরূপণ করিয়াছেন; আর তাঁহাকে কবরহইতে উত্থিত করাতে তদ্বিষয়ে সকলের নিকটে প্রমাণ দিয়াছেন।"

"এই বর্ত্তমান আকাশমণ্ডল ও পৃথিবী ঈশ্বরের বাক্যদ্বারা অধার্ম্মিক লোকদের বিনাশক বিচারদিন পর্য্যন্ত অগ্নির নিমিত্তে সঞ্চিত ও রক্ষিত আছে। রাত্রিকালে চোরের ন্যায় প্রভুর দিন আসিবে; তৎকালে মহাশব্দে আকাশমণ্ডল লুপ্ত হইবে, এবং মহাতাপে মূলবস্তু সকল গলিয়া যাইবে, ও পৃথিবী ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু দগ্ধ হইবে। এই সমস্ত যদি লুপ্ত হইবে, তবে যে দিনে আকাশমণ্ডল দগ্ধ হইয়া লুপ্ত হইবে ও মূলবস্তু সকল মহাতাপে গলিয়া যাইবে ঈশ্বরের এমত প্রকাশ হওন দিনের অপেক্ষা ও আকাঙ্ক্ষা করিয়া সর্ব্ববিষয়ে পবিত্র আচরণে ও ঈশ্বর-সেবাতে কি প্রকার লোক হওয়া তোমাদের উচিত! কিন্তু আমরা তাঁহার প্রতিজ্ঞানুসারে ধর্ম্মের আবাস যে নূতন আকাশ মণ্ডল ও নূতন পৃথিবী তাহার অপেক্ষাতে আছি।"

"আমি এক নূতন আকাশ মণ্ডল ও নূতন পৃথিবীকে দেখিলাম; পূর্ব্বীয় আকাশমণ্ডল ও পৃথিবী লুপ্ত হইয়াছিল, সমুদ্র ও আর হইল না। পরে স্বর্গহইতে এই গভীর আকাশবাণী শুনিলাম, দেখ, মনুষ্যদের মধ্যে ঈশ্বরের আবাস আছে, এবং তাহাদের মধ্যে তিনি বাস করিবেন, এবং তাহারা তাঁহার লোক হইবে, এবং তিনি আপনি তাহাদের ঈশ্বর হইয়া তাহাদের সঙ্গে থাকিবেন। এবং ঈশ্বর তাহাদের চক্ষুর তাবৎ জল মুছাইয়া দিবেন, তাহাতে মরণ আর কখনো হইবে না, এবং শোক কি রোদন কি ব্যথা কিছুই আর কখনো হইবে না; পূর্ব্বীয় এই সকল গত হইল।" ইতি॥

ইং

১৮৫১

সালের পঞ্জিকা।

বাং ১২৫৭।৫৮ সন।

ইংলণ্ডের মহারাণী, শ্রীল শ্রীমতী বিকটোরিয়া।
ভারতবর্ষের গবর্ণর জেনরল, লর্ড ড্যাল্‌-
হৌসি। বঙ্গদেশের গবর্ণর,
সর যন হণ্টর লিটলর।

দিন পঞ্জিকার রীতি বিজ্ঞাপন।

এই পঞ্জিকাতে ইংরাজী ও বাঙ্গালা ও মুসল্মানীয় বৎসরের ও মাসাদির মিলনে যাহা হয়, সেই সকল স্ব ২ নামোল্লেখ করিয়া পার্শ্বক্রমে ও অধোধঃক্রমে লেখা যাইবে। প্রতি মাসের বিষয় পূর্ব্ব ও উত্তর পৃষ্ঠে দৃষ্টি করিলে জানিতে পারিবেন; ফলতঃ পূর্ব্ব পৃষ্ঠের মস্তকে ইংরাজী মাসের নাম, ও তাহার দিন সংখ্যার সহিত বাঙ্গালা মাসের এবং মুসলমানদের দিন সংখ্যার ঐক্য করণ, এবং ইংরাজদের ও হিন্দুদের পর্ব্ব, ও গ্রহণাদি প্রযুক্ত অফিসাদি বন্ধ নির্ণয় থাকিবে। তাহার নীচে প্রথমতঃ বৎসরের দিন সংখ্যা তৎপরে ইংরাজী মাসের নাম ও তদ্দিনসংখ্যা, তদুত্তরে বাঙ্গালা মাসের নাম ও তদ্দিনসংখ্যা, তদুত্তরে রব্যাদি বারের নাম, ও তদুত্তরে সূর্য্যের উদয়, ও অস্তকাল নির্ণয়। কিন্তু বৎসর ও মাসের দিন সংখ্যা অধোধঃক্রমে জ্ঞাত হইবেন।

উত্তর পৃষ্ঠাতে ইংরাজী গণনাক্রমে চন্দ্রকলার বৃদ্ধি ও হ্রাস শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষ ভেদে উপরি ভাগে লেখা যাইবে। তন্নিম্নে প্রথমতঃ ইংরাজী মাসের নাম, তদুত্তরে মুসলমানদের মাসের নাম, ও তন্মাসীয় দিনসংখ্যা অধোধঃক্রমে লেখা যাইবে; তদুত্তরে চন্দ্রোদয়, তদুত্তরে চন্দ্রের দক্ষিণস্থতা, ও তদুত্তরে চন্দ্রাস্ত, এই সকল দৃষ্টি করিলে জ্ঞাত হইবেন।

সংক্ষেপ কথনার্থে শব্দের আদ্যক্ষর ঘটিত সঙ্কেতদ্বারায় রচনা করিব। যথা, ইং, ইংরাজী; বাং, বাঙ্গালা; মুং, মুসলমান; তাং, তারিখ; পূ, পূর্ব্বাহ্ন; প, পরাহ্ন; ঘ, ঘণ্টা; মি, মিনিট্, প্রভৃতি।

দিনপঞ্জিকা।

ইং সন ১৮৫১ সাল। বাং সন ১২৫৭-৫৮। হিজরী ১২৬৭।

শকাব্দাঃ ১৭৭২-৭৩। ফসলী। ১২৫৮-৫৯।

বিলায়তি সন ১২৫৮-৫৯। মগী সন ১২১৩-১৪।

সম্বত ১৯০৭-৮। কলিযুগাব্দাঃ ৪৯৫১-৫২।

যিহূদী সন ৫৬১১-১২।

কলিযুগাব্দ ৪৯৫২; ও শকাব্দাঃ ১৭৭৩; ও বঙ্গাব্দাঃ ১২৫৮; এবং মগীসন ১২১৩, এই চারি সাল ইংরাজী ১৮৫১ সালের ১১ এপ্রিলেতে আরম্ভ হইবে। হিজরীসন ১২৬৮ অক্টোবর মাসে ২৭ তারিখে আরম্ভ হইবে। যিহূদী ৫৬১২ সাল সেপ্টেম্বর মাসে ২৭ তাং পরিবর্ত্ত হইবে।

১৮৫১ সালের গ্রহণ।

এই বৎসরে ৪ চারি গ্রহণ হইবে অর্থাৎ সূর্য্যগ্রহণ ২ দুই, ও চন্দ্রগ্রহণ দুই। কিন্তু ইহার মধ্যে ২ দুই সূর্য্যগ্রহণ ও ১ এক চন্দ্রগ্রহণ তাবদ্ধারতবর্ষে দৃশ্য হইবে না। ১. জানুয়ারি মাসের ১৭ তাং অসম্পূর্ণ চন্দ্রগ্রহণ হইবে।

আরম্ভ	প	৯	ঘ	১৪	মি।
মধ্যকাল	প	১০	ঘ	৪৪	মি।
মোক্ষ	প	১১	ঘ	৫৪	মি।

এই গ্রহণের মধ্যকালে প্রায়ঃ অর্দ্ধচন্দ্র আচ্ছাদিত হইয়া এতদ্দেশে দৃশ্য হইবে।

২. ফেব্রুয়রি মাসের ১ তাং অঙ্গুরীয়াকৃতি সূর্য্যগ্রহণ হইবে কিন্তু এতদ্দেশে অদৃশ্য। এই গ্রহণ অগ্রে মোজাম্বিক চানলেতে পূ ৮ ঘ ৫৮ মি দেখা যাইবে, এবং সর্ব্বশেষে অষ্ট্রেলিয়া দেশে প ২ ঘ ৩৯ মি।

৩. জুলাই মাসের ১৩ তাং অসম্পূর্ণ চন্দ্রগ্রহণ হইবে কিন্তু এতদ্দেশে অদৃশ্য।

আরম্ভ	পূ	১১	ঘ	৪৪	মি।
মধ্যকাল	প	১	ঘ	১৫	মি।
মোক্ষ	প	২	ঘ	৪৬	মি।

৪. জুলাই মাসের ২৮ তাং সর্ব্বগ্রাস সূর্য্যগ্রহণ হইবে কিন্তু এতদ্দেশে অদৃশ্য। এই গ্রহণ প্রথমতঃ উত্তরামেরিকা দেশে প ৬ ঘ ৮ মি, এবং সর্ব্বশেষে মিসর দেশে প ১০ ঘ ৪৫ মি দৃশ্য হইবে।

জানুয়রি ।

ইং ১৮৫১ সাল। বাং সন ১২৫৭। হিজরী ১২৬৭।

জানুয়মাসের ৩১ দিন। ১৮ পৌষ —১৯ মাঘ। ২৭ সফর—২৭ রবী উলায়ুল।

১ জানুয়রি, ১৮ পৌষ, বুধবারে, নিউ ইয়র্সডে প্রযুক্ত অফিসাদি বন্ধ।

এই মাসের ১৭ তাং অসম্পূর্ণ চন্দ্রগ্রহণ এতদ্দেশে দৃশ্য হইবে।

আরম্ভ প ৯ ঘ ৩৪ মি। মোক্ষ প ১১ ঘ ৫৮ মি।

বৎসর দিন	জানু	পৌষ	বার	সূর্য্যোদয়	সূর্য্যাস্ত
১	১	১৮	বুধ	৬ ঘ ৪৩ মি	৫ ঘ ২৪ মি
২	২	১৯	বৃহস্পতি	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ২৫ মি
৩	৩	২০	শুক্র	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ২৬ মি
৪	৪	২১	শনি	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ২৬ মি
৫	৫	২২	রবি	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ২৭ মি
৬	৬	২৩	সোম	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ২৮ মি
৭	৭	২৪	মঙ্গল	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ২৮ মি
৮	৮	২৫	বুধ	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ২৯ মি
৯	৯	২৬	বৃহস্পতি	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ২৯ মি
১০	১০	২৭	শুক্র	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩০ মি
১১	১১	২৮	শনি	৬ ঘ ৪৬ মি	৫ ঘ ৩১ মি
১২	১২	২৯	রবি	৬ ঘ ৪৬ মি	৫ ঘ ৩২ মি
		মাঘ			
১৩	১৩	১	সোম	৬ ঘ ৪৬ মি	৫ ঘ ৩৩ মি
১৪	১৪	২	মঙ্গল	৬ ঘ ৪৬ মি	৫ ঘ ৩৩ মি
১৫	১৫	৩	বুধ	৬ ঘ ৪৬ মি	৫ ঘ ৩৪ মি
১৬	১৬	৪	বৃহস্পতি	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৫ মি
১৭	১৭	৫	শুক্র	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৫ মি
১৮	১৮	৬	শনি	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৬ মি
১৯	১৯	৭	রবি	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৭ মি
২০	২০	৮	সোম	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৭ মি
২১	২১	৯	মঙ্গল	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৮ মি
২২	২২	১০	বুধ	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৯ মি
২৩	২৩	১১	বৃহস্পতি	৬ ঘ ৪৫ মি	৫ ঘ ৩৯ মি
২৪	২৪	১২	শুক্র	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ৪০ মি
২৫	২৫	১৩	শনি	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ৪১ মি
২৬	২৬	১৪	রবি	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ৪২ মি
২৭	২৭	১৫	সোম	৬ ঘ ৪৪ মি	৫ ঘ ৪২ মি
২৮	২৮	১৬	মঙ্গল	৬ ঘ ৪৩ মি	৫ ঘ ৪৩ মি
২৯	২৯	১৭	বুধ	৬ ঘ ৪৩ মি	৫ ঘ ৪৩ মি
৩০	৩০	১৮	বৃহস্পতি	৬ ঘ ৪২ মি	৫ ঘ ৪৪ মি
৩১	৩১	১৯	শুক্র	৬ ঘ ৪২ মি	৫ ঘ ৪৫ মি

অমাবস্যা	২ তাং	পরাহ্ণ	৪ ঘ ৩৭ মি	
শুক্লপক্ষের অর্দ্ধচন্দ্র	১০ তাং	ঐ	১০ ঘ ১৫ মি	
পূর্ণিমা	১৭ তাং	ঐ	১০ ঘ ৩৬ মি	
কৃষ্ণপক্ষের অর্দ্ধচন্দ্র	২৪ তাং	ঐ	২ ঘ ১০ মি	

জা'ন্যু	সফর	চন্দ্রোদয়	দক্ষিণস্থ	চন্দ্রাস্ত
১	২৭	পূ ৫ ঘ ২৮ মি	পূ ১১ ঘ ৪ মি	প ৪ ঘ ৪০ মি
২	২৮	৬ ঘ ১৮ মি	১১ ঘ ৫৪ মি	৫ ঘ ৩০ মি
৩	২৯	ঘ ৮ মি	প ০ ঘ ৪৪ মি	৬ ঘ ২১ মি
৪	৩০	ঘ ৫৪ মি	১ ঘ ৩২ মি	৭ ঘ ১১ মি
	রবীউস্‌			
৫	১	৮ ঘ ৩৮ মি	২ ঘ ১৯ মি	৮ ঘ ৩ মি
৬	২	৯ ঘ ১৮ মি	৩ ঘ ৪ মি	৮ ঘ ৫৪ মি
৭	৩	৯ ঘ ৫৪ মি	৩ ঘ ৪৭ মি	৯ ঘ ৪৩ মি
৮	৪	১০ ঘ ৩১ মি	৪ ঘ ৩০ মি	১০ ঘ ৩৩ মি
৯	৫	১১ ঘ ৬ মি	৫ ঘ ১৩ মি	১১ ঘ ২৩ মি
১০	৬	১১ ঘ ৪২ মি	৫ ঘ ৫৬ মি	
১১	৭	০ ঘ ১৯ মি	৬ ঘ ৪১ মি	পূ ০ ঘ ১৪ মি
১২	৮	০ ঘ ৫৯ মি	৭ ঘ ২৭ মি	১ ঘ ৬ মি
১৩	৯	১ ঘ ৪১ মি	৮ ঘ ১৭ মি	১ ঘ ৫৯ মি
১৪	১০	২ ঘ ৩১ মি	৯ ঘ ১২ মি	২ ঘ ৫৬ মি
১৫	১১	৩ ঘ ২২ মি	১০ ঘ ৯ মি	৩ ঘ ৫৬ মি
১৬	১২	৪ ঘ ২২ মি	১১ ঘ ১১ মি	৪ ঘ ৫৭ মি
১৭	১৩	৫ ঘ ২৬ মি		৫ ঘ ৫৯ মি
১৮	১৪	৬ ঘ ৩৪ মি	পূ ০ ঘ ১৩ মি	৬ ঘ ৫৭ মি
১৯	১৫	৭ ঘ ৩৬ মি	১ ঘ ১৬ মি	৭ ঘ ৫৬ মি
২০	১৬	৮ ঘ ৪৩ মি	২ ঘ ১৪ মি	৮ ঘ ৪৭ মি
২১	১৭	৯ ঘ ৪৪ মি	৩ ঘ ১১ মি	৯ ঘ ৩৫ মি
২২	১৮	১০ ঘ ৪৬ মি	৪ ঘ ৪ মি	১০ ঘ ১৯ মি
২৩	১৯	১১ ঘ ৪২ মি	৪ ঘ ৫৬ মি	১১ ঘ ২ মি
২৪	২০		৫ ঘ ৪৫ মি	১১ ঘ ৪৪ মি
২৫	২১	০ ঘ ৩৮ মি	৬ ঘ ৩৩ মি	প ০ ঘ ২৫ মি
২৬	২২	১ ঘ ৩৯ মি	৭ ঘ ২২ মি	ঘ ৭ মি
২৭	২৩	২ ঘ ২৮ মি	৮ ঘ ১১ মি	৫২ মি
২৮	২৪	৩ ঘ ২২ মি	৯ ঘ ১ মি	২ ঘ ৩৮ মি
২৯	২৫	৪ ঘ ১৫ মি	৯ ঘ ৫০ মি	৩ ঘ ২৫ মি
৩০	২৬	৫ ঘ ৫ মি	১০ ঘ ৩৯ মি	৪ ঘ ১৪ মি
৩১	২৭	৫ ঘ ৫২ মি	১১ ঘ ২৮ মি	৫ ঘ ৬ মি

ফেব্রুয়রি মাসের ২৮ দিন। ২০ মাঘ—১৭ ফাল্গুণ। ২৮ রবীউলায়ল
—২৫ রবীউস্‌সানী।
৬,৭ ফেব্রুয়রি, ১৫,১৬ মাঘ, বৃহস্পতি শুক্রবারে,
শ্রীপঞ্চমী প্রযুক্ত অফিসাদি বন্ধ।

বৎসর দিন	ফেব্	মাঘ	বার	সূর্য্যোদয়	সূর্য্যাস্ত
৩২	১	২০	শনি	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৬ মি
৩৩	২	২১	রবি	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৬ মি
৩৪	৩	২২	সোম	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৭ মি
৩৫	৪	২৩	মঙ্গল	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৭ মি
৩৬	৫	২৪	বুধ	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৭ মি
৩৭	৬	২৫	বৃহস্পতি	৬ ঘ ৪১ মি	৫ ঘ ৪৮ মি
৩৮	৭	২৬	শুক্র	৬ ঘ ৪০ মি	৫ ঘ ৪৮ মি
৩৯	৮	২৭	শনি	৬ ঘ ৪০ মি	৫ ঘ ৪৯ মি
৪০	৯	২৮	রবি	৬ ঘ ৩৯ মি	৫ ঘ ৪৯ মি
৪১	১০	২৯	সোম	৬ ঘ ৩৯ মি	৫ ঘ ৫০ মি
৪২	১১	৩০	মঙ্গল	৬ ঘ ৩৮ মি	৫ ঘ ৫১ মি
		ফাল্গুণ			
৪৩	১২	১	বুধ	৬ ঘ ৩৭ মি	৫ ঘ ৫১ মি
৪৪	১৩	২	বৃহস্পতি	৬ ঘ ৩৭ মি	৫ ঘ ৫২ মি
৪৫	১৪	৩	শুক্র	৬ ঘ ৩৬ মি	৫ ঘ ৫২ মি
৪৬	১৫	৪	শনি	৬ ঘ ৩৬ মি	৫ ঘ ৫৩ মি
৪৭	১৬	৫	রবি	৬ ঘ ৩৫ মি	৫ ঘ ৫৩ মি
৪৮	১৭	৬	সোম	৬ ঘ ৩৪ মি	৫ ঘ ৫৩ মি
৪৯	১৮	৭	মঙ্গল	৬ ঘ ৩৪ মি	৫ ঘ ৫৪ মি
৫০	১৯	৮	বুধ	৬ ঘ ৩৩ মি	৫ ঘ ৫৪ মি
৫১	২০	৯	বৃহস্পতি	৬ ঘ ৩৩ মি	৫ ঘ ৫৫ মি
৫২	২১	১০	শুক্র	৬ ঘ ৩২ মি	৫ ঘ ৫৬ মি
৫৩	২২	১১	শনি	৬ ঘ ৩২ মি	৫ ঘ ৫৭ মি
৫৪	২৩	১২	রবি	৬ ঘ ৩১ মি	৫ ঘ ৫৭ মি
৫৫	২৪	১৩	সোম	৬ ঘ ৩০ মি	৫ ঘ ৫৮ মি
৫৬	২৫	১৪	মঙ্গল	৬ ঘ ২৯ মি	৫ ঘ ৫৮ মি
৫৭	২৬	১৫	বুধ	৬ ঘ ২৮ মি	৫ ঘ ৫৯ মি
৫৮	২৭	১৬	বৃহস্পতি	৬ ঘ ২৭ মি	৫ ঘ ৫৯ মি
৫৯	২৮	১৭	শুক্র	৬ ঘ ২৬ মি	৬ ঘ ০ মি

অমাবস্যা ১ তাং পূ ১১ ঘ ৫৬ মি
শুক্লপক্ষের অর্দ্ধচন্দ্র ৯ তাং প ২ ঘ ৫০ মি
পূর্ণিমা ১৬ তাং পূ ৯ ঘ ১১ মি
কৃষ্ণপক্ষের অর্দ্ধচন্দ্র ২৩ তাং ঐ ৩ ঘ ৩২ মি

ফেব্	রবীউল	চন্দ্রোদয়	দক্ষিণস্থ	চন্দ্রাস্ত
১	২৮	৬ ঘ ৩৫ মি	প ০ ঘ ১৫ মি	প ৬ ঘ ৮ মি
২	২৯	৭ ঘ ১৭ মি	১ ঘ ১ মি	৬ ঘ ৫৯ মি
৩	৩০	৭ ঘ ৫৫ মি	১ ঘ ৪৫ মি	৭ ঘ ৩৮ মি
	রবীউস			
৪	১	৮ ২৯ মি	২ ঘ ২৬ মি	৮ ঘ ২৬ মি
৫	২	৯ ৬ মি	৩ ঘ ১০ মি	৯ ঘ ১৭ মি
৬	৩	৯ ঘ ৪২ মি	৩ ঘ ৫৩ মি	১০ ঘ ৭ মি
৭	৪	১০ ঘ ১৮ মি	৪ ঘ ৩৬ মি	১০ ঘ ৫৮ মি
৮	৫	১০ ঘ ৫৫ মি	৫ ঘ ২০ মি	১১ ঘ ৪৯ মি
৯	৬	১১ ঘ ৩৪ মি	৬ ঘ ৭ মি	
১০	৭	প ০ ঘ ১৮ মি	৬ ঘ ৫৮ মি	পূ ০ ঘ ৪৪ মি
১১	৮	১ ঘ ৭ মি	৭ ঘ ৫২ মি	১ ঘ ৪০ মি
১২	৯	২ ঘ ২ মি	৮ ঘ ৫০ মি	২ ঘ ৩৯ মি
১৩	১০	৩ ঘ ১ মি	৯ ঘ ৫১ মি	৩ ঘ ৩৯ মি
১৪	১১	৪ ঘ ৬ মি	১০ ঘ ৫৩ মি	৪ ঘ ৩৯ মি
১৫	১২	৫ ঘ ১৩ মি	১১ ঘ ৫৪ মি	৫ ঘ ৩৭ মি
১৬	১৩	৬ ঘ ২১ মি		৬ ঘ ৩১ মি
১৭	১৪	৭ ঘ ২৫ মি	০ ঘ ৫৪ মি	৭ ঘ ২৩ মি
১৮	১৫	৮ ঘ ২৭ মি	১ ঘ ৫০ মি	৮ ঘ ১১ মি
১৯	১৬	৯ ঘ ২৯ মি	২ ঘ ৪৪ মি	৮ ঘ ৫৬ মি
২০	১৭	১০ ঘ ৪৯ মি	৩ ঘ ৩৬ মি	৯ ঘ ৩৯ মি
২১	১৮	১১ ঘ ২৬ মি	৪ ঘ ২৭ মি	১০ ঘ ২২ মি
২২	১৯		৫ ঘ ১৭ মি	১১ ঘ ৪ মি
২৩	২০	পূ ০ ঘ ২৩ মি	৬ ঘ ৭ মি	১১ ঘ ৪৯ মি
২৪	২১	১ ঘ ১৭ মি	৬ ঘ ৫৭ মি	প ০ ঘ ৩৫ মি
২৫	২২	২ ঘ ১১ মি	৭ ঘ ৪৭ মি	১ ঘ ২২ মি
২৬	২৩	৩ ঘ ২ মি	৮ ঘ ৩৬ মি	২ ঘ ১১ মি
২৭	২৪	৩ ঘ ৪৯ মি	৯ ঘ ২৫ মি	৩ ঘ ২ মি
২৮	২৫	৪ ঘ ৩৪ মি	১০ ঘ ১৩ মি	৩ ঘ ৫৪ মি

মার্চ।

মার্চ মাসের ৩১ দিন। ১৮ ফাল্গুণ—১৯ চৈত্র। ২৬ রবী উস্‌সানী
—২৭ জমাদি উলায়ূল।

১,১ মার্চ, ১৮,১৯ ফাল্গুণ, শনি, রবিবারে শিবরাত্রি হেতুক,
১৬,১৭,১৮ মার্চ ৪,৫,৬ চৈত্র রবি, সোম, মঙ্গলবারে দোল যাত্রা প্রযুক্ত, এবং
২৯,৩১ মার্চ, ১৭,১৮ চৈত্র, শনি, রবিবারে বারুণী প্রযুক্ত অফিসাদি বন্ধ।

বৎসর দিন	মার্চ	ফাল্গুণ	বার	সূর্য্যোদয়	সূর্য্যাস্ত
৬০	১	১৮	শনি	৬ ঘ ২৫ মি	৬ ঘ ০ মি
৬১	২	১৯	রবি	৬ ঘ ২৪ মি	৬ ঘ মি
৬২	৩	২০	সোম	৬ ঘ ২৩ মি	ঘ মি
